# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Boishakh 17, 1433 Bangla, April 30, 2026, Thursday, No. 117, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has announced three months of government assistance for farmers affected by heavy rainfall in country's northeastern region specially in haors. (BBC: 07)

Government has adopted a 12-point action plan to make Dhaka a clean and green city. (R. Today: 17)

Prime Minister Tarique Rahman has regretted for immense suffering caused to residents of Chattogram by severe waterlogging due to heavy rains. (Jago FM: 13)

Flood Forecasting and Warning Center has warned that continued heavy rains may lead to flooding in five districts of the country. (DW: 11)

The ruling party has proposed forming a special committee in National Parliament to amend country's constitution. (Jago FM: 16)

Finance Minister has said, all potential and promising exporting sectors would receive same benefits currently enjoyed by readymade garment industry. (Jago FM: 13)

Liberation War Affairs Minister has announced that government is working to prepare an accurate and comprehensive list of 1971 genocide victims and martyrs. (BBC: 07)

At least 12 people have died in seven districts of the country due to lightning. (R. Today: 19)

At least 231 foreign nationals including Bangladeshis have been detained in Uganda in a major crackdown on illegal migration issue. (DW: 12)

Tehran has urged to UN to release an Iranian-flagged cargo ship seized by US military. (BBC: 07)

**Director: 44813046** | **Deputy News Controller: 44813048 44813179** | **Assistant News Controller: 44813047 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১৭, বাংলা ১৪৩৩, এপ্রিল ৩০, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১১৭, ৫৬তম বছর**

# শিরোনাম

ভারী বর্ষণে হাওড় অঞ্চলসহ দেশের উত্তর-পূর্বাঞ্চলের জেলায় ক্ষতিগ্রস্ত কৃষকদের চিহ্নিত করে আগামী তিন মাস সহায়তা দেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (বিবিসি: ০৭)

ঢাকাকে ক্লিন ও গ্রিন সিটি করতে ১২ দফা কর্মপরিকল্পনা গ্রহণ করেছে সরকার। (রে. টুডে: ১৭)

ভারী বৃষ্টিতে চট্টগ্রাম নগরীতে জলাবদ্ধতায় দুর্ভোগের কারণে নগরবাসীর কাছে দুঃখ প্রকাশ করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১৬)

ভারী থেকে অতিভারী বৃষ্টির কারণে দেশের পাঁচ জেলায় বন্যা হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। (ডয়েচে ভেলে: ১১)

দেশের সংবিধান সংশোধনের জন্য একটি বিশেষ কমিটি গঠনের প্রস্তাব দিয়েছে সরকারি দল। (জাগো এফএম: ১৬)

সম্ভাবনাময় রপ্তানি খাতকে পোশাক খাতের মতো সুযোগ-সুবিধা দেওয়া হবে বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী। (জাগো এফএম: ১৩)

১৯৭১ এ গণহত্যার শিকার ও মুক্তিযুদ্ধের শহীদদের একটি নির্ভুল ও গ্রহণযোগ তালিকা প্রণয়ন করা হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী । (বিবিসি: ০৭)

বজ্রপাতে দেশের সাত জেলায় কমপক্ষে ১২ জনের প্রাণহানি। (রে. টুডে: ১৯)

উগান্ডায় অবৈধ অভিবাসন রোধে চালানো অভিযানে বাংলাদেশিসহ অন্তত ২৩১ জন বিদেশি আটক। (ডয়েচে ভেলে: ১২)

জাতিসংঘের কাছে যুক্তরাষ্ট্র কর্তৃক আটক ইরানের পতাকাবাহী কার্গো জাহাজ ছেড়ে দেওয়ার আহ্বান তেহরানের। (বিবিসি: ০৭)

# বিবিসি

'ঈশ্বরের কাছে প্রার্থনা করি, যাতে ভারত আর বাংলাদেশের সম্পর্ক না শোধরায়' : আসামের মুখ্যমন্ত্রী

ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য আসামের মুখ্যমন্ত্রী এক সাম্প্রতিক সাক্ষাৎকারে বলছেন যে, তিনি সব সময়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করেন, যাতে ভারত আর বাংলাদেশের সম্পর্কে উন্নতি না হয়। তার কথায়, "আমি তো সকালে সব সময়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করি, যে পরিস্থিতি ইউনূসের সময়ে ছিল, সেটাই যেন থাকে, সম্পর্কের উন্নতি যেন না হয়।" ভারতের গণমাধ্যম এবিপিকে দেওয়া এক দীর্ঘ সাক্ষাৎকারে তিনি ভারত থেকে "রাতের অন্ধকারে" কীভাবে বাংলাদেশে 'পুশ-ব্যাক' করা হয়, তারও বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন তিনি। মি. বিশ্ব শর্মার কথায়, "বিএসএফ কী করে, কখনও ২০-৩০ বা ৪০ দিন, কখনও ১০ দিনের মতো নিজেদের কাছে রেখে দেয় (যাদের পুশ-ব্যাক করা হবে, তাদের)। যখন বিডিআর থাকে না, সেখান দিয়ে ধাক্কা মেরে পাঠিয়ে দেয়।" বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীর নাম এখন বিজিবি হলেও, পূর্বের নাম 'বিডিআর' বলেই উল্লেখ করেছেন তিনি। রাতের অন্ধকারের সুযোগেই যে এভাবে 'পুশ-ব্যাক' করা হয়, সেটাও জানিয়েছেন তিনি। আসামের মুখ্যমন্ত্রীর ওই সাক্ষাৎকারটি গত ১৫ এপ্রিল সম্প্রচারিত হয়েছে, তবে তার কিছু অংশ সোমবার থেকে সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভারত-বাংলাদেশ সম্পর্কের বিশ্লেষকরা বলছেন, আসামের মুখ্যমন্ত্রী এমন একটা সময়ে এই কথাগুলি বললেন, যখন বিজেপি নেতা ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী দীনেশ ত্রিবেদীকে রাষ্ট্রদূত করে ঢাকায় পাঠানোর ঘোষণা করল ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। এই প্রথমবার ঢাকায় কোনো রাজনৈতিক ব্যক্তিত্বকে রাষ্ট্রদূত করে পাঠিয়ে দুই দেশের সম্পর্কের উন্নতির বার্তা দিতে চাইছে দিল্লি, এমনটাই মনে করছেন বিশ্লেষকরা।

কেন ভারত-বাংলাদেশের সুসম্পর্ক চান না হিমন্ত?

এবিপি নিউজের হিন্দি চ্যানেলের সাক্ষাৎকার অনুষ্ঠানে হিমন্ত বিশ্বশর্মাকে প্রশ্ন করা হয়েছিল, বাংলাদেশ থেকে অনুপ্রবেশ ও সেইসব অনুপ্রবেশকারীদের 'পুশ ব্যাক' করার বিষয়ে। সেই প্রসঙ্গে বলতে গিয়ে মি. বিশ্বশর্মা বলেন, "আমাদের ভালো লাগে, যখন ভারত-বাংলাদেশের সম্পর্ক ভালো থাকে না, কারণ যখন সম্পর্ক ভালো হয়ে যায়, তখন ভারত সরকারও চায় না 'পুশ-ব্যাক' করতে। তাই আসামের মানুষের ভালো লাগে, যখন ভারত আর বাংলাদেশের মধ্যে একটা বৈরী সম্পর্ক থাকে। ভারত আর বাংলাদেশের যখন মৈত্রী হয়ে যায়, বিএসএফ আর বিডিআর যখন করমর্দন করতে শুরু করে, তখন তা আসামের জন্য বিপজ্জনক হয়ে যায়।" তার কথায়, "যখন সম্পর্ক বন্ধুত্বপূর্ণ হয়ে যায়, তখন সবকিছুই ঢিলেঢালা হয়ে যায়। তাই আমরা তো সব সময়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করি, যাতে ভারত আর বাংলাদেশের সম্পর্ক না শোধরায়। তখন বিএসএফের কড়া প্রহরা থাকে, বন্দুক উঁচিয়ে থাকে, সেনাও চলে আসে, কেউ আসতে পারে না (কাঁটাতার পেরিয়ে)।" এবিপির সাংবাদিক মেঘা প্রসাদ মন্তব্য করেন, "এটা তো ভারত-বিরোধী কথা হয়ে যাচ্ছে।" জবাবে আসামের মুখ্যমন্ত্রী বলেন, "আপনি প্রশ্ন করেছেন, আমি বলেছি, আমার মনের কথা। আমি তো সকালে সব সময়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করি যে, পরিস্থিতি ইউনূসের সময়ে যেমন ছিল, সেটাই যেন থাকে, সম্পর্কের উন্নতি যেন না হয়।"

আসাম থেকে কীভাবে 'পুশ-ব্যাক' করা হয়

আসামের বহুল চর্চিত 'অনুপ্রবেশ' ইস্যুতে সাংবাদিক মেঘা প্রসাদ রাজ্যের বিধানসভায় সরকারের পেশ করা কিছু তথ্য দিয়ে প্রশ্ন করতে শুরু করেছিলেন। সাক্ষাৎকারের এই পর্যায়ে হিমন্ত বিশ্বশর্মা বলেন, "একজনও বাংলাদেশিকে 'পুশ-ব্যাক' করা সহজ নয়। সীমান্তে বাংলাদেশের বাহিনী থাকে। তারা গ্রহণ করে না ('পুশ-ব্যাক' হওয়া ব্যক্তিদের)। ভারত আর বাংলাদেশের মধ্যে কোনো বন্দি বিনিময় চুক্তিও নেই। ভারতের দিক থেকে কাউকে বাংলাদেশে ঠেলে দেওয়া হলে, সেটা ভারতের দিক থেকে 'পুশ-ব্যাক' আর একই ঘটনা বাংলাদেশের দিক থেকে দেখলে সেটা 'পুশ-ইন'। "আমরা কী করি- অন্ধকারের সুযোগ নিয়ে, যেখানে বিডিআর নেই, সেখান দিয়ে 'পুশ-ব্যাক' করে দিই। বিএসএফ কী করে- কখনও ২০-৩০ বা ৪০ দিন, কখনও ১০ দিনের মতো নিজেদের কাছে রেখে দেয় (যাদের 'পুশ-ব্যাক' করা হবে, তাদের)। যখন বিডিআর (বিজিবি) থাকে না, সেখান দিয়ে ধাক্কা মেরে পাঠিয়ে দেয়," বলেছেন মি. বিশ্বশর্মা। তিনি বলেন, "যদি আইনি পথে আমরা ফেরত পাঠাতে চাই, তাহলে পুরো বিষয়টা স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে জানাতে হবে, তারা বাংলাদেশে পাঠাবে সেসব। এরপরে বাংলাদেশের ওপরে নির্ভর করবে, কাকে মেনে নেবে, কাকে মানব না। "বাংলাদেশ প্রমাণ চায়," মন্তব্য মুখ্যমন্ত্রীর।

তার প্রশ্ন, "এইজন্য আপনি ভারত থেকে কাউকে বাংলাদেশে পাঠাতে পারবেন না, বাংলাদেশ কাউকেই বাংলাদেশি বলে স্বীকার করে না। তাহলে আমাদের সামনে কী পথ খোলা আছে?" "এর মধ্যে সুপ্রিম কোর্ট একটা রায় দিয়েছে বছর খানেক আগে, যে একজন জেলা শাসকের যদি মনে হয়, কোনো ব্যক্তি ভারতীয় নন, তিনি বিতাড়নের নির্দেশ জারি করতে পারেন। বিতাড়নের অর্থ কী? ভারত থেকে বিতাড়ন করে দাও," বলছিলেন মি. বিশ্বশর্মা। এই পর্যায়ে সাংবাদিক প্রশ্ন করেন যে, কোথায় বিতাড়ন করা হবে? "আইনে বা সুপ্রিম কোর্টের নির্দেশে সেটা উল্লেখ করা নেই। ওখানে লেখা আছে যে, আপনি দেশ থেকে বিতাড়ন করতে পারবেন। তাই আমরা এখন বিতাড়ন করতে শুরু করেছি

বাংলাদেশ সীমান্তে। শব্দটা হলো- 'পুশ-ব্যাক'। আপনারা নিয়ে যান (বাংলাদেশে)," বলছিলেন হিমন্ত বিশ্বশর্মা। তিনি এও বলেন যে, শুধু আসামে বসবাসকারী কথিত অনুপ্রবেশকারীদের নয়, দেশের বিভিন্ন অঞ্চল থেকেও নিয়ে এসে 'পুশ-ব্যাক' করা হয়েছে।

কোন আইনের কথা বললেন আসামের মুখ্যমন্ত্রী?

মি. বিশ্বশর্মা যে আইনটির কথা উল্লেখ করছিলেন, সেটি বহু পুরোনো একটি আইন- 'অভিবাসী (আসাম থেকে বহিষ্কার) নির্দেশ, ১৯৫০'। গত বছর যখন বড়ো সংখ্যায় 'পুশ-ব্যাক' করা হতে থাকে, সেই সময়েই এই পুরোনো আইনটির সম্বন্ধে জানা যায়। সেই সময়ে মি. বিশ্বশর্মা বলেছিলেন, "কোনও এক অজ্ঞাত কারণে আমাদের আইনি পরামর্শদাতারা আগে এ ব্যাপারটা আমাদের জানাননি, আমরাও এটির ব্যবহারের সম্বন্ধে জানতাম না।" তবে আইনজ্ঞদের কেউ কেউ বলছেন, ১৯৫০ সালে তৈরি ওই আইনটি নির্দিষ্ট কারণে আনা হয়েছিল। এই আইন দিয়ে 'পুশ ব্যাক' করা যায় না বলে বিবিসি বাংলাকে জানিয়েছিলেন গৌহাটি হাইকোর্টের জ্যেষ্ঠ আইনজীবী হাফিজ রশিদ চৌধুরী। তিনি বলেছিলেন, "বিদেশি ট্রাইব্যুনালগুলোকে এড়িয়ে এক্সিকিউটিভ অর্ডার দিয়ে মানুষগুলোকে এখান থেকে 'পুশ-ব্যাক' করারই চেষ্টা করছে সরকার। এটা করা যায় না।" তার কথায়, "যে পুরোনো আইনটি ব্যবহার করার কথা বলা হচ্ছে, তা দিয়ে 'পুশ-ব্যাক' করাই যায় না। এটা নির্দিষ্টভাবে তৎকালীন পূর্ব পাকিস্তান থেকে আসামে আসা মানুষদের জন্য করা হয়েছিল। তাদের মধ্যে যদি কারও অবস্থান ভারতের স্বার্থের পরিপন্থি হয়, তাদের মধ্যে কেউ যদি ভারতবিরোধী কাজে লিপ্ত থাকেন, তাহলেই তাকে বহিষ্কার করা যেতে পারে।"

'পুশ-ব্যাক' হওয়া মানুষদের অভিজ্ঞতাও একই

আসামের মুখ্যমন্ত্রী বাংলাদেশে 'পুশ-ব্যাক' করার যে পদ্ধতির কথা খোলাখুলি স্বীকার করেছেন, তা অনেকদিন ধরেই বিবিসি বাংলার নানা প্রতিবেদনে উঠে এসেছে গত প্রায় এক বছর ধরে। গত বছর ২২ এপ্রিল ভারত-শাসিত কাশ্মীরের পহেলগামে হত্যাকাণ্ডের পর থেকেই ভারতের নানা রাজ্যে শুরু হয় 'অবৈধ বাংলাদেশি চিহ্নিত' করার এক বিশেষ অভিযান। তারপর থেকেই বিভিন্ন রাজ্য থেকে 'অনুপ্রবেশকারী' হিসাবে দেখিয়ে অনেক মানুষকে বাংলাদেশে 'পুশ-ব্যাক' করে দেওয়া হয়েছিল। আবার আসামের অনেক মানুষকে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে 'পুশ-ব্যাক' করে দেওয়া হয়েছিল। তাদেরই একজন ছিলেন মোরিগাঁও জেলার খন্দপুখুরি গ্রামের প্রাক্তন শিক্ষক খাইরুল ইসলাম। তাকে গত বছর মে মাসের শেষের দিকে বাড়ি থেকে নিয়ে যাওয়ার দিন দুয়েক পরে বাংলাদেশের অভ্যন্তরে কুড়িগ্রাম সীমান্তের 'নো ম্যানস ল্যান্ডে' দেখতে পাওয়া যায়। আরও কয়েকজনকেও দেখা গিয়েছিল সেই ভিডিওতে। তারা দাবি করেন যে, আসামের বাসিন্দা তারা। পুলিশ বাড়ি থেকে তুলে নিয়ে এসে মাটিয়া ডিটেনশন ক্যাম্পে রেখেছিল। সেখান থেকে বিএসএফের মাধ্যমে তাদের বাংলাদেশে ঠেলে দেওয়া হয়েছে। ওই ভিডিওটি ভাইরাল হওয়ার পরে অবশ্য সেই পর্যায়ে পুশ-ব্যাক হওয়া অনেককে ফিরিয়ে এনেছিল ভারত সরকার। তাদের মধ্যে ছিলেন মি. ইসলামও। আবার বহুল চর্চিত সাকিনা বেগম, যাকে আসামের নলবাড়ি জেলায় তার বাড়ি থেকে পুলিশ ডেকে নিয়ে যাওয়ার অনেকদিন পরে ঢাকার মিরপুরে খুঁজে পেয়েছিল বিবিসি বাংলা, তার বর্ণনাতেও উঠে এসেছিল যে কীভাবে রাতের অন্ধকারে সীমান্তে নিয়ে গিয়ে তাদের বাংলাদেশে ঠেলে দেওয়া হয়েছিল। সোনালি খাতুন নামে পশ্চিমবঙ্গের এক গর্ভবতী নারীকে তার পরিবার সহ বাংলাদেশে 'পুশ-ব্যাক' করে দেওয়া হয়েছিল। তবে ভারত ও বাংলাদেশ- দুই দেশেরই আদালত রায় দিয়েছিল যে, ওই নারী ভারতীয় নাগরিক। তাকে ভারতে ফিরিয়ে আনা হয়েছে। তাই যাদের 'পুশ-ব্যাক' করা হচ্ছে, তারা যে সকলেই বাংলাদেশি নাগরিক এবং ভারতে অবৈধ উপায়ে এসেছিলেন, সেই দাবি সত্য নয়।

(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৪.২০২৬ আলী আহমেদ)

অতিভারী বৃষ্টিতে হাওরাঞ্চলে বন্যা, কী পরিমাণ ক্ষতি হতে পারে কৃষিতে?

"বৃষ্টি এবার আগেই শুরু হইয়া গেছে, ৩২ কাঠা জমির ধান কাটতা ফারতাছি না (কাটতে পারছি না)। বৃষ্টিতো এবার চইত (চৈত্র) মাস ভরাই, কাজ করতাম ফারতাছি না," কথাগুলো বলছিলেন নেত্রকোনার হাওর এলাকার কৃষক সবুজ সরদার। এই জেলার মদন উপজেলার গোবিন্দশ্রী ইউনিয়নের এই কৃষক বলছিলেন, সাধারণত বৈশাখ মাসের আগেই তারা বোরো ধান কেটে ফেলেন। তবে এবার চৈত্র মাসজুড়ে বৃষ্টি হওয়ায় ধান পাকলেও, কাটতে পারেননি। আর এখন সেসব ধানই বৃষ্টির পানিতে তলিয়ে গেছে। গত কয়েকদিনের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের ফলে বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলীয় হাওরপ্রধান এলাকা বা জেলাগুলো, যেমন নেত্রকোনা ও মৌলভীবাজারের অনেক অংশই পানিতে প্রায় তলিয়ে গেছে। এই সময় হাওর অঞ্চলের প্রধান ফসল বোরো ধান। মূলত, ১৫ এপ্রিল থেকে ১৫ মে পর্যন্ত এই সময়টি হাওরে বোরো ধান কাটার সময় বলে জানান কৃষি কর্মকর্তারা। কিন্তু এবার মার্চ মাসের মাঝামাঝি থেকেই বৃষ্টি, শিলাবৃষ্টি এবং ভারী ও অতি ভারী বৃষ্টি শুরু হওয়ায়, এই বোরো ধান কাটার কার্যক্রমে বিঘ্ন ঘটেছে বলে জানান কৃষক ও কৃষি কর্মকর্তারা। নেত্রকোনার কৃষক সবুজ সরদার যখন বৃষ্টিতে ধান কাটার সমস্যার কথা বলছিলেন, তখন বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সতর্কবার্তার তথ্য বলছে, এই জেলাটিসহ দুইটি জেলায় বন্যা চলছে। নেত্রকোনা ও মৌলভীবাজার এই দুই জেলায় বন্যা পরিস্থিতি অব্যাহত থাকতে পারে এবং অবনতিও হতে পারে। একইসঙ্গে, আরো তিন জেলা হবিগঞ্জ, সিলেট ও সুনামগঞ্জে বন্যার সতর্কতার কথা জানানো হয়েছে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহের তথ্যের বরাত দিয়ে, এই অঞ্চলে আগামী তিনদিন ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে বলে জানিয়েছে এই কেন্দ্র। এরই মধ্যে, হাওরাঞ্চলে ভারী বর্ষণে ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তার করার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে একটি সম্পূরক প্রশ্নের উত্তরে এ কথা জানান তিনি। এই বিষয়ে উদ্বেগ প্রকাশ করে বুধবার প্রধানমন্ত্রী জানান, তিনদিন আগে আবহাওয়া প্রতিবেদনের ওপর ভিত্তি করে তিনটি জেলার স্থানীয় প্রশাসনকে পূর্বাভাস অনুযায়ী বৃষ্টি হলে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছিলেন। একইসঙ্গে সংসদ অধিবেশন শুরুর আগে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রীর সঙ্গে কথা বলে এ বিষয়ে নির্দেশ দিয়েছেন তিনি। "এসব এলাকার যে-সব কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন, যাদের ফসল নষ্ট হয়েছে, তাদের লোকেট করে আগামী তিনমাস সরকারের পক্ষ থেকে সহযোগিতা দেওয়ার চেষ্টা করবো," সংসদ অধিবেশনে জানান প্রধানমন্ত্রী।

কৃষকদের কষ্ট, শঙ্কা

নেত্রকোনার কৃষক সবুজ সরদার বেশ আক্ষেপ নিয়েই বলছিলেন, একে তো বৃষ্টির পানিতে তলিয়ে গেছে ধান, তার ওপর রোদের দেখা না পাওয়ায় কেউ কাটলেও ধান শুকানোর কোনো উপায় নেই। ফলে এখন ধান কাটছেন না কেউ। "বৃষ্টির জন্য তো কাজ করতে লোক পাইতাছি না। ধান পাইক্কা গেছে, অহন গাড়িও আইতে ফারতাছে না। কিছু কাটছি, আর এইডি সব রইয়া গেছে," বলেন এই কৃষক। "মানুষে যে তুলবো ধান, কেমনে পইড়া রইছে (পানির নিচে) কী অবস্থায়। নিতেই পারে নাই। নিয়া কিতা করবো, হুগাইতে পারে না। বুঝেন না," বলেন মি. সরদার। হাওরভিত্তিক এই জেলার আরেকটি উপজেলা খালিয়াজুড়ি উপজেলার কৃষক ওসমান শেখও বোরো ধান নিয়ে নিজের দুর্দশার কথা জানান। মি. শেখ জানান, মোট ১২১ বিঘা জমিতে বোরো ধান আবাদ করেছিলেন তিনি। বৃষ্টি শুরু হতে পারে, তাই বোরো ধান কাটার জন্য সরকারিভাবে ঘোষণা দেওয়া হয়েছিল। "কিন্তু মার্চের শুরুর থাইকাই তো বৃষ্টি হইতাছে। শিলাবৃষ্টিও পড়ছে, ঠাডাও (বজ্রপাত) পড়তাছে। এখন আবার কয়দিন ধইরা চলতাছে (বৃষ্টি)...। সব ধান তো কাটতে পারি নাই," বিবিসি বাংলাকে বলেন মি. শেখ। এখনো ৮৫ বিঘার ধান কাটা বাকি রয়ে গেছে বলে জানান তিনি। হতাশা প্রকাশ করে এই কৃষক বলেন, "যেগুলা পানির তলে গেছেগা, চাইছিলাম কাটতে (ধান)। কিন্তু লোক লাগাইয়া খরচ কুলাইতে পারি নাই।"

এদিকে, বন্যার ঝুঁকিতে থাকা জেলা সুনামগঞ্জের কৃষকরাও এমন দুর্দশার মধ্যে পড়েছেন। এই জেলার মাটিয়ান হাওরের কৃষক শফিউল্লাহ মিয়া বলেন, "২৬ তারিখ থেকে পানি উন্নয়ন বোর্ড নতুন করে সতর্কতা দিছে। হাওরের ধান কাটি ঘরে নেবার জন্য। কিন্তু যেই বৃষ্টি শুরু হইছে, ধান কাটাও এখন আমাদের জন্য কষ্ট হয়ে পড়ছে।" কৃষকদের সাথে কথা বলে জানা যাচ্ছে যে, বোরো ধান কাটার সময়ে এবার প্রথমে বৃষ্টি, পরে শিলাবৃষ্টি, এরপর কয়েকদিনের অতিবৃষ্টি এবং এখনকার ভারী বৃষ্টিসহ চার দফার বৃষ্টির কারণে তাদের বেগ পোহাতে হয়েছে।

ফসলের জন্য কতটা সমস্যা তৈরি করতে পারে এই বৃষ্টি?

হাওরাঞ্চলে সাধারণত অন্যান্য স্থানের থেকে এক মাস আগে বোরো ধানের চারা রোপণ ও কাটা হয়। এই অঞ্চলে ২০ নভেম্বরের কিছুটা আগে-পরে বীজ বপন শুরু হয়। এরপর ২৫ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত চারা রোপণ করা হয়। এরপর ধান কাটা শুরু হয় মোটামুটি ১৫ এপ্রিলের আগে-পরে এবং তা চলে ১৫ মে'র কাছাকাছি সময় পর্যন্ত। নেত্রকোনার খালিয়াজুড়ি উপজেলার কৃষি কর্মকর্তা মো. দেলোয়ার হোসেন জানান, তার উপজেলায় ২০ হাজার ২৩২ হেক্টর ফসলি জমি রয়েছে, যাতে বোরো ধান চাষ করা হয়েছে। "গতকালকে পর্যন্ত ৫১ শতাংশ জমি, অর্থাৎ ১০ হাজার ৪৬২ হেক্টর জমির ধান কেটেছি আমরা। বিভিন্ন হারভেস্টারদের দিয়ে কর্তন করেছি। কিন্তু গত কয়েকদিনের ভারী বৃষ্টিতে ধান কাটা স্থগিত আছে। মেশিন কাজ করতে পারছে না, শ্রমিকরাও কাটতে পারছে না," বলেন মি. হোসেন। গত দুই-তিনদিনের বৃষ্টিতে বেড়িবাঁধের ভেতরের প্রায় দুই হাজার ৭৮০ হেক্টর জমি পানির নিচে তলিয়ে গেছে বলে জানান এই কৃষি কর্মকর্তা। বাকি জমির মধ্যে প্রায় তিন হাজার ৮৫১ হেক্টর জমির ধান ক্ষতির সম্মুখীন হয়েছে বলে উল্লেখ করেছেন তিনি। কেবল এই একটি উপজেলাতেই মোট আবাদী জমির ১৯ শতাংশ ক্ষতির মুখে পড়েছে, যার সম্ভাব্য আর্থিক মূল্য ১০৪ কোটি টাকা বলে দাবি করেন মি. হোসেন। পানির নিচে থাকা ধানের জন্য কৃষকদের যে আহাজারি, তার সমর্থনে এই কৃষি কর্মকর্তাও জানান, ওই ধান আসলে নষ্ট হয়ে যাবে। মি. হোসেন বলেন, "যে-সব জমির ধান পানির নিচে চলে গেছে, সেই পানি কমার সম্ভাবনা নেই। কারণ নদীর পানিও বাড়ছে এবং বাঁধের ভেতরে বৃষ্টির পানি সেটাও যাওয়ার রাস্তা নেই। আলটিমেটলি পাঁচ-সাত দিন এটা পানির নিচে থাকলে ডিকম্পোজ বা নষ্ট হয়ে যাবে।" আবার পানির নিচের ধান কেটে আনতে যে শ্রমিক খরচ হবে, সেটি ধান বিক্রি করে পোষাবে না বলেও উল্লেখ করেন কৃষি কর্মকর্তা দেলোয়ার হোসেন।

এদিকে, নেত্রকোনা জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. আমিরুল ইসলাম বিবিসি বাংলাকে জানিয়েছেন, গত কয়েকদিনের টানা বৃষ্টিতে এই জেলার প্রায় চার হাজার ৭১২ হেক্টর জমি ক্ষতির মুখে পড়েছে। "সরকারি ঘোষণা অনুযায়ী, আমাদের হাওরের ৬৫ শতাংশ ধান কাটা হয়ে গেছে। আর টোটাল জেলা যদি বলি, তাহলে আমাদের প্রায় ২২ শতাংশ বোরো ধান কাটা হয়েছে," বলেন মি. ইসলাম। এই জেলা কৃষি কর্মকর্তা জানান, গত ১৪ মার্চ থেকে বৃষ্টি, দুই ধাপে শিলাবৃষ্টি, ২৮ মার্চে অতিবৃষ্টি এবং গত কয়েকদিনের টানা বৃষ্টির ফলে বোরো ধান

ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছে। “তিনধাপ এবং এই ধাপ সব মিলিয়ে আমাদের আর্থিক ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৬২ কোটি ৬৫ লাখ টাকা,” বলেন নেত্রকোনা জেলার কৃষি কর্মকর্তা। এদিকে, বন্যা ঝুঁকিতে থাকা সুনামগঞ্জ জেলার কৃষি অফিসের উপ-পরিচালক মোহাম্মদ ওমর ফারুক জানান, এই জেলায় হাওর ও উজান এলাকা মিলিয়ে প্রায় ৪৬ শতাংশ বোরো ধান এরই মধ্যে কাটা হয়েছে। “মোট আবাদী জমির মাত্র দুই শতাংশ এই বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হয়েছে,” বিবিসি বাংলাকে বলেন মি. ফারুক। আর চার থেকে পাঁচদিন রোদ পেলে বাকি ধান কাটা শেষ হয়ে যাবে বলে উল্লেখ করেন তিনি। পুরো বিষয়টিই আবহাওয়ার ওপর নির্ভর করে উল্লেখ করে তিনি বলেন, “যদি আবহাওয়া ভালো হয়ে যায়, তাহলে তো আমরা শঙ্কামুক্ত।” একইসঙ্গে, দেশের ভেতরে বৃষ্টি হচ্ছে এবং যদি ভারত থেকেও বৃষ্টির পানি বা ফ্ল্যাশফ্লাড আসে তাহলে বিপদ আরো বাড়বে বলে জানান তিনি।

বন্যার পূর্বাভাস

পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বুধবার দুপুরে এক সতর্কবার্তায় জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় নেত্রকোনায় ১২৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে। এই বৃষ্টি অতিভারী বৃষ্টিপাতের আওতায় পরে। অর্থাৎ, এই জেলায় গত ২৪ ঘণ্টায় অতিভারী বৃষ্টি হয়েছে। গত ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের উজানে মাঝারি-ভারী থেকে ভারী এবং অভ্যন্তরে হাওর অববাহিকায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাত হয়েছে, বলছে বন্যা পূর্বাভাস কেন্দ্র। নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলার নদীগুলোর পানি আগামী তিনদিন বাড়তে পারে পূর্বাভাস দিয়ে এই কেন্দ্র জানিয়েছে, নেত্রকোনা জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে। একইসঙ্গে নদীর পানি মৌলভীবাজারের হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে এবং হবিগঞ্জ জেলায়ও বন্যার পূর্বাভাস দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এছাড়া, আগামী তিনদিন সুরমা ও কুশিয়ারা নদীর পানি বাড়তে পারে ফলে সিলেট ও সুনামগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে বলেও পূর্বাভাস দেওয়া হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৪.২০২৬ নারগীস)

## সংবিধান সংশোধনে বিশেষ কমিটি গঠনের প্রস্তাব সংসদে

জাতীয় সংসদে সংবিধান সংশোধনে বিশেষ কমিটি গঠনে সংসদে প্রস্তাব উত্থাপন করেছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। বুধবার জাতীয় সংসদের দ্বিতীয় সেশনের শুরুতে তিনি এ প্রস্তাব উত্থাপন করেন। এসময় ১৭ সদস্য বিশিষ্ট কমিটির প্রস্তাব করা হয়। এর মধ্যে সরকারি দল থেকে ১২ জন এবং বিরোধিদল থেকে পাঁচ জনের নাম আহ্বান করেন আইনমন্ত্রী। (বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## সয়াবিন তেলের দাম বাড়ল

বাংলাদেশে বোতলজাত সয়াবিন তেলের দাম লিটারপ্রতি চার টাকা বাড়িয়ে ১৯৯ টাকা করা হয়েছে। সেইসঙ্গে, লিটারে দুই টাকা করে বাড়ানো হয়েছে খোলা সয়াবিন তেলের দাম। এখন থেকে খোলা তেলের লিটার ১৭৯ টাকা দরে বিক্রি করার ঘোষণা দেওয়া হয়েছে। তবে পাম তেলের দাম আগের মতোই রয়েছে। বুধবার সচিবালয়ে ভোজ্যতেলের মূল্য পর্যালোচনা বৈঠক শেষে সরকারের এই সিদ্ধান্তের কথা সাংবাদিকদের জানান বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যদের গেজেট বৃহস্পতিবার

বাংলাদেশের বর্তমান সংসদের সংরক্ষিত নারী আসনে বিভিন্ন দল থেকে মনোনিতদের কেউ তাদের প্রার্থিতা প্রত্যাহার না করায় ৪৯ জনের সবাই বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন বলে জানিয়েছে নির্বাচন কমিশন। বৃহস্পতিবার তাদের নামে গেজেট প্রকাশ করা হবে। এরপর শপথ আয়োজনের জন্য সংসদ সচিবালয়ে সেটি পাঠানো বলে বলে সাংবাদিকদের জানিয়েছেন রিটার্নিং কর্মকর্তা মঈন উদ্দীন। (বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## ইরানের ওপর দীর্ঘ অবরোধের প্রস্তুতি নিতে ট্রাম্পের নির্দেশ : ওয়াল স্ট্রিট জার্নাল

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের ওপর দীর্ঘ অবরোধের জন্য প্রস্তুতি নিতে নির্দেশ দিয়েছেন বলে খবর প্রকাশ করেছে ওয়াল স্ট্রিট জার্নাল। মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে মার্কিন গণমাধ্যমটি জানিয়েছে, সম্প্রতি বৈঠক মি. ট্রাম্প এই নির্দেশ দিয়েছেন, কারণ তিনি ইরানের অর্থনীতি ও তেল রপ্তানির ওপর চাপ অব্যাহত রাখতে চান। এক্ষেত্রে ইরানের বন্দরগুলোর ওপর চলমান মার্কিন নৌ অবরোধ আরও দীর্ঘ হতে পারে বলে জানান কর্মকর্তারা। ট্রাম্প মনে করেন, ইরানের ওপর পুনরায় হামলা শুরু করার চেয়ে নৌ অবরোধ অব্যাহত রাখাটা তুলনামূলক কম ঝুঁকিপূর্ণ।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## ভারী বৃষ্টিপাত কতদিন চলবে- যা বলছে আবহাওয়া অধিদপ্তর

বাংলাদেশের বিভিন্ন স্থানে যে ভারী বৃষ্টিপাত শুরু হয়েছে, সেটি আরও কয়েকদিন অব্যাহত থাকতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এ সময়ে ঢাকা, খুলনা, রাজশাহী, বরিশাল, রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাত হতে পারে বলে আবহাওয়া অধিদপ্তরের বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। এর ফলে কোথাও কোথাও জলাবদ্ধতা তৈরি হতে পারে। এছাড়া চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি

এলাকায় ভূমিধসের ঘটনা ঘটতে পারে বলেও জানানো হয়েছে। তবে আগামী চৌঠা মে থেকে বৃষ্টিপাত কমে আসতে পারে এবং তাপমাত্রা বাড়তে পারে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## জাহাজ জব্দের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রকে জবাব দেওয়ার অধিকার আমাদের আছে- জাতিসংঘকে ইরানের চিঠি

গত সপ্তাহে যুক্তরাষ্ট্রের সেনারা ইরানের পতাকাবাহী যে কার্গো জাহাজ আটক করেছে, সেটি ছেড়ে দেওয়ার আহ্বান জানিয়ে জাতিসংঘের কাছে চিঠি পাঠিয়েছে তেহরান। জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের কাছে মঙ্গলবার ওই চিঠি পাঠান জাতিসংঘে নিযুক্ত ইরানের স্থায়ী প্রতিনিধি আমির সাঈদ ইরাভানি। সেখানে ইরানের পতাকাবাহী পণ্যবাহী জাহাজ আটকের ঘটনাকে 'জলদস্যুতা' অভিহিত করে সেটির বিরুদ্ধের 'কঠোর নিন্দা' জানিয়েছে তেহরান। যুক্তরাষ্ট্রের এমন পদক্ষেপের বিরুদ্ধে ব্যবস্থার নেওয়ার কথাও চিঠিতে উল্লেখ করা হয়েছে। "আন্তর্জাতিক আইন অনুযায়ী, এই নির্লজ্জ কর্মকাণ্ড মোকাবিলা করার পূর্ণ অধিকার ইরানের ইসলামী প্রজাতন্ত্রের রয়েছে," চিঠিতে বলেছে তেহরান।(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## হাওরাঞ্চলে ক্ষতিগ্রস্ত কৃষকদের তিন মাস সহায়তা দেবে সরকার : সংসদে প্রধানমন্ত্রী

ভারী বর্ষণে সুনামগঞ্জের হাওরাঞ্চলসহ তিন জেলায় যেসব কৃষকদের ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদেরকে চিহ্নিত করে আগামী তিন মাস সহায়তা দেওয়া হবে বলে জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার জাতীয় সংসদে এক প্রশ্নের উত্তরে একথা জানান তিনি। "গত তিনদিন আগে আবহাওয়া রিপোর্টের ওপর ভিত্তি করে আমি সুনামগঞ্জসহ হাওর অঞ্চলের তিনটি জেলার স্থানীয় প্রশাসনকে নির্দেশনা দিয়েছিলাম, আবহাওয়ার পূর্বাভাসের ভিত্তিতে বৃষ্টিপাত হলে তারা যেন প্রয়োজনীয় ব্যবস্থা নেয়," বলেন তারেক রহমান। বুধবার সকালে পুনরায় নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানান তিনি। "আজ সকালে অধিবেশন শুরু হওয়ার আগে আমি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রীর সঙ্গে কথা বলে এসেছি এবং নির্দেশনা দিয়েছি, এ তিন জেলাসহ ময়মনসিংহের কিছু এলাকা প্রবল বর্ষণে সমস্যার সম্মুখীন হয়েছে।" "এসব এলাকার যেসব কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন, যাদের ফসল নষ্ট হয়েছে, তাদের লোকেট করে আগামী তিন মাস সরকারের পক্ষ থেকে সহযোগিতা দেওয়ার চেষ্টা করবো," বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ঢাকাকে 'ক্লিন এবং গ্রীন সিটি' করতে ১২ দফা কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলেও জানান তিনি। তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ইতোমধ্যে একটি সমীক্ষা সমাপ্ত করেছে বলেও জানান প্রধানমন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে করা বাণিজ্য চুক্তি সংসদে তোলার দাবি রুমিন ফারহানার

সাবেক অন্তর্বর্তী সরকারের শেষের দিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে করা বাণিজ্য চুক্তিটি জাতীয় সংসদে তোলার দাবি জানিয়েছেন স্বতন্ত্রভাবে নির্বাচিত সংসদ সদস্য রুমিন ফারহানা। বুধবার সংসদে কথা বলার সময় তিনি এই দাবি জানান। রুমিন ফারহানা বলেন, মঙ্গলবার মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে বাণিজ্যমন্ত্রীর বৈঠক হয়েছে। সে বৈঠকে মার্কিন রাষ্ট্রদূত বাণিজ্যচুক্তিটির বিষয়ে বেশ কিছু কথা বলেছেন। সংসদ নির্বাচনের তিন দিন আগে হওয়া ওই চুক্তি নিয়ে মিজ ফারহানা বলেন, চুক্তির সময় দেশের 'সুশীল সমাজ ও থিংকট্যাংক মহল' থেকে বলা হয়েছিল যে, একটি অনির্বাচিত সরকার এ ধরনের চুক্তি সই করতে পারে না। এই চুক্তিতে অনেকগুলো ক্লজ আছে, যেটা বাংলাদেশের স্বার্থবিরোধী। "এই চুক্তি ৬০ দিনের মধ্যে যদি সরকার চায়, তারা এটিকে বাতিল করতে পারে। চুক্তিটি সংসদে আনা হোক," বলেন রুমিন ফারহানা। এ সময় রুমিন ফারহানাকে থামিয়ে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, "আপনি একটি নতুন প্রশ্ন উত্থাপন করেছেন। আপনি নোটিশ দেন, এটি বিবেচনা করে দেখা হবে।"
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## মুক্তিযুদ্ধে শহীদদের পূর্ণাঙ্গ তালিকা করা হবে : সংসদে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সেনা ও তাদের সহযোগী রাজাকার, আল বদর এবং আল শামস বাহিনীর হাতে বাংলাদেশের মোট কত মানুষ হত্যা ও গণহত্যার শিকার হয়েছেন, সেটির সঠিক পরিসংখ্যান বের করতে শহীদদের পূর্ণাঙ্গ তালিকা তৈরির উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমদ আযম খান। বুধবার সংসদে কথা বলার সময় তিনি এ কথা বলেন। স্বাধীনতার ৫৫ বছর পরও মুক্তিযুদ্ধে শহীদ ও গণহত্যার শিকার ব্যক্তিদের পূর্ণাঙ্গ তালিকা করা না হওয়ায় এ নিয়ে এখনও বিতর্ক হতে দেখা যায় বলে মন্তব্য করেন মন্ত্রী। "সরকার মুক্তিযুদ্ধে শহীদদের পূর্ণাঙ্গ তালিকা তৈরির উদ্যোগ নিয়েছে। এই উদ্যোগ বাস্তবায়ন হলে গণহত্যার শিকার ও সব শহীদের একটি 'নির্ভুল ও গ্রহণযোগ্য' তালিকা প্রণয়ন করা সম্ভব হবে," বলেন মি. খান।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ এলিনা)

## দুই জেলায় বন্যার অবনতির শঙ্কা, তিন জেলা ঝুঁকিতে

বাংলাদেশের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র জানিয়েছে, দুই জেলার বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে এবং আরো তিন জেলা বন্যার ঝুঁকিতে রয়েছে। একটি বিবৃতিতে তারা জানায়, নেত্রকোনা জেলার ভূগাই-কংস নদী জারিয়াজাঞ্জইল পয়েন্টে, সোমেশ্বরী নদী কমলাকান্দা পয়েন্টে, মগরা নদী নেত্রকোনা পয়েন্টে এবং মৌলভীবাজার

জেলার মনু নদী মৌলভীবাজার পয়েন্টে প্রাক-মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া, দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সুরমা-কুশিয়ারা ও ধনু-বাউলাই নদীর পানি গত ২৪ ঘণ্টায় বেড়েছে। গত ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের উজানে মাঝারি-ভারী থেকে ভারী এবং অভ্যন্তরে হাওর অববাহিকায় ভারী থেকে অতিভারী বৃষ্টি হয়েছে। আগামী তিনদিন ভারী থেকে অভিভারী বৃষ্টির পূর্বাভাসও রয়েছে। বন্যার পূর্বাভাসে বলা হয়েছে, নেত্রকোনা ও মৌলভীবাজার জেলায় বন্যা পরিস্থিতি অব্যাহত থাকতে পারে। দুই জেলারই হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে। এছাড়া হবিগঞ্জ, সিলেট ও সুনামগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। (বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রুবাইয়া)

### কারা স্বাধীনতাযুদ্ধে বিরোধিতা করেছিল, সেটা প্রতিষ্ঠিত: সংসদে আইনমন্ত্রী

সংসদে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন পাস হওয়ার সময় জামায়াতে ইসলামী বিরোধিতা করেনি মন্তব্য করে আইনমন্ত্রী আসাদুজ্জামান বলেছেন, ঐ আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছে, ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে কারা বিরোধিতা করেছিলেন। বুধবার জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে আইনমন্ত্রী এ কথা বলেন। "বীর মুক্তিযোদ্ধার যে সংজ্ঞা জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন ২০২৬ এ নির্ধারিত করা হয়েছে, সেই সংশোধনীতে ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী এবং তাদের এদেশীয় দোসর-তৎকালীন মুসলিম লীগ, তৎকালীন জামায়াতে ইসলামী, তৎকালীন নেজামে ইসলামী এবং আল বদর, আল শামস বাহিনী, রাজাকারদের বিরুদ্ধে বাংলাদেশের যে সমস্ত দামাল ছেলেরা, যারা সংগ্রাম করেছেন, তাদের বীর মুক্তিযোদ্ধা বলা হয়েছে। এ আইন এই সংসদে পাস হয়েছে।""সেই আইনে জামায়াতে ইসলামী কার্যত বিরোধিতা করেনি। এনসিপির পক্ষ থেকে লিখিতভাবে অনুসমর্থন জানানো হয়েছে," বলেন আইনমন্ত্রী আসাদুজ্জামান। "বাই অপারেশন অব ল অ্যান্ড ইন্টারপ্রিটেশন, তাহলে এটা প্রতিষ্ঠিত হয়ে গেল যে, ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে কারা বিরোধিতা করেছিলেন। কারা খুন, গুম, ধর্ষণের সাথে জড়িত ছিল। কারা বাংলাদেশের অসংখ্য, অগণিত মানুষের জীবন কেড়ে নেওয়ার সাথে জড়িত ছিল," যোগ করেন আসাদুজ্জামান। (বিবিসি ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রুবাইয়া)

## এনএইচকে

### ইরান সংঘাতের কারণে জ্বালানির মূল্য ২৪ শতাংশ বৃদ্ধি পাবে বলে বিশ্ব ব্যাংকের পূর্বাভাস

বিশ্ব ব্যাংক বলছে মধ্যপ্রাচ্যের সংঘাত বৈশ্বিক পণ্য বাজারে মারাত্মক আঘাত হানায় ২০২৬ সালে জ্বালানির মূল্য প্রায় ২৪ শতাংশ বৃদ্ধি পাবে বলে অনুমান করা হচ্ছে। মঙ্গলবার প্রকাশিত সর্বশেষ পণ্য বাজার পূর্বাভাসে ব্যাংক বলছে, ২০২২ সালে রাশিয়ার ইউক্রেনে হামলা চালানোর পর থেকে জ্বালানির মূল্য সর্বোচ্চ হবে বলে ধারণা করা হচ্ছে। প্রতিবেদনে বলা হয় এই পূর্বাভাসে ধরে নেওয়া হয়েছে যে মে মাসের মধ্যে বিঘ্নের সবচেয়ে খারাপ পরিস্থিতির সমাপ্তি ঘটবে এবং অক্টোবর মাসের মধ্যে হরমুজ প্রণালি দিয়ে নৌচলাচল ধীরে 'যুদ্ধ-পূর্ববর্তী' পর্যায়ে ফিরে আসবে। প্রতিবেদনে আভাস দেওয়া হয়েছে যে ইরান সংঘাতের ক্ষতিকর প্রভাব সার, ধাতু এবং অন্যান্য পণ্যসহ বিভিন্ন ক্ষেত্রে ব্যাপকভাবে অনুভূত হবে। এতে পূর্বাভাস দেওয়া হয়েছে যে সারের মূল্য বছরওয়ারী হিসাবে প্রায় ৩১ শতাংশ বৃদ্ধি পাবে। বিশ্বব্যাংক গ্রুপের প্রধান অর্থনীতিবিদ ইন্দরমিত গিল বলেছেন, "যুদ্ধটি পুঞ্জিভূত ঢেউয়ের মতো বিশ্ব অর্থনীতির উপর আঘাত হানছে: শুরুতে জ্বালানির উচ্চমূল্যের মধ্যে দিয়ে, এরপর খাদ্যপণ্যের উচ্চমূল্য এবং সবশেষে উচ্চ মুদ্রাস্ফীতির মাধ্যমে।" তিনি সতর্ক করে দিয়ে বলেছেন যে, ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি এবং মন্থর প্রবৃদ্ধির কারণে উদীয়মান ও উন্নয়নশীল অর্থনীতির দেশগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে। (এনএইচকে ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে হামে ২২৭ জন শিশুর মৃত্যু

বাংলাদেশে কয়েক দশকের মধ্যে হামের অন্যতম ভয়াবহ প্রাদুর্ভাবে এ পর্যন্ত ২২৭ জন শিশুর মৃত্যু হয়েছে। হামের লক্ষণ আছে এমন রোগীর সংখ্যা প্রায় ৩৫ হাজারে পৌঁছেছে। সরকারি তথ্য উদ্ধৃত করে এ খবর জানিয়েছে এএফপি। সবচেয়ে বেশি হামের কবলে পড়া এলাকাগুলোর মধ্যে অন্যতম পার্বত্য চট্টগ্রামের আদিবাসী জনগোষ্ঠী অধ্যুষিত এবং মিয়ানমার সীমান্তের কাছের কুরুকপাতা। এই গ্রামীণ জনপদের শিশুরা অনেক সময়ই টিকাদান কর্মসূচির আওতার বাইরে থেকে যায়। সেখানকার কিছু পরিবার ভয়ে টিকাদান কর্মসূচি এড়িয়েও চলে। জেলা স্বাস্থ্য প্রধান শেখ ফজলে রাব্বি এএফপিকে বলেন, ‘‘পার্বত্য চট্টগ্রামের সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকা হলো কুরুকপাতা। এটি বাংলাদেশের অন্যতম প্রত্যন্ত অঞ্চল।’’ তিনি আরো জানান, সেখানে ৮০ জনেরও বেশি শিশুকে হামের চিকিৎসা দেওয়া হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)-র তথ্য অনুযায়ী, বিশ্বের অন্যতম সংক্রামক রোগ হাম। এ রোগ কাশি ও হাঁচির মাধ্যমে ছড়ায়। যে-কোনো বয়সের মানুষই হামে আক্রান্ত হতে পারে। তবে শিশুদের মধ্যে এর প্রকোপ সবচেয়ে বেশি। হামের কারণে মস্তিষ্কের প্রদাহ ও গুরুতর শ্বাসকষ্টের মতো জটিলতা দেখা দিতে পারে। গত ১৫ মার্চ থেকে সারা দেশে এ পর্যন্ত সন্দেহভাজন হাম রোগীর সংখ্যা ৩৪ হাজার ৯৮০ জন, যাদের অধিকাংশের বয়স ছয় মাস থেকে পাঁচ বছরের মধ্যে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রনি)

### বাংলাদেশে জঙ্গিদের শক্তি এখন কেমন?

গত বৃহস্পতিবার পুলিশ সদরদপ্তর থেকে গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোতে হামলার আশঙ্কা করে চিঠি দেয়ার পর জঙ্গি ও উগ্রবাদ ইস্যু সামনে এসেছে। রাজনীতিবাংলাদেশ। এরপর মঙ্গলবার এই বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টার দুই ধরনের বক্তব্য পাওয়া গেছে। স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের পর পুলিশের গোয়েন্দা ইউনিট ডিবি ঢাকার দুটি স্থান থেকে চারজনকে গ্রেপ্তারের খবর প্রচার করা থেকে বিরত থেকেছে। মঙ্গলবার কামরাঙ্গীরচর ও কেরাণীগঞ্জ থেকে তাদের গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে আগ্নেয়াস্ত্র, গুলি ও ড্রোন ও বিস্ফোরক উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন মো. ইমরান চৌধুরী (২৯), মো. মোস্তাকিম চৌধুরী (২৫), রিপন হোসেন শেখ (২৮) ও আবু বক্কর (২৫)। তারা নিষিদ্ধ সংগঠন 'আকসা'র সক্রিয় সদস্য এবং বিভিন্ন স্থানে নাশকতামূলক কর্মকাণ্ড ও হামলার পরিকল্পনায় জড়িত ছিলেন বলে সংশ্লিষ্ট সূত্র নিশ্চিত করেছে। তাদের সঙ্গে তেহেরিক-ই-তালিবান অব পাকিস্তানের (টিটিপি) যোগাযোগের তথ্যও পাওয়া গেছে। এর আগে চট্টগ্রামের একটি ঘাঁটি থেকে নিখোঁজ হওয়া বাংলাদেশ বিমানবাহিনীর এক ওয়ারেন্ট অফিসারের সন্ধান মেলে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন তেহরিক-ই-তালেবান পাকিস্তানের (টিটিপি) এক ডেরায়। ঐ ঘটনার পর সশস্ত্র বাহিনীর অভ্যন্তরে উগ্রপন্থি নেটওয়ার্কের উপস্থিতি নিয়ে অভ্যন্তরীণ তদন্ত শুরু হয়। পাকিস্তান সরকার সম্প্রতি বাংলাদেশ কর্তৃপক্ষকে জানিয়েছে, তাদের সামরিক বাহিনীর সঙ্গে যুদ্ধে লিপ্ত টিটিপির পক্ষে বাংলাদেশ বিমানবাহিনীর ওই সদস্য কাজ করছেন। বাংলাদেশে টিটিপির উপস্থিতি নতুন নয়। ২০১৩ সালে মার্কিন পররাষ্ট্র দফতরের প্রতিবেদনে বলা হয়েছিল, ওই বছরের জানুয়ারিতে বাংলাদেশে তিন টিটিপি সদস্যকে গ্রেফতার করা হয়েছিল। এমনকি গতবছর পাকিস্তানের সামরিক অভিযানে অন্তত চার জন বাংলাদেশি টিটিপি যোদ্ধা হিসেবে নিহত হওয়ার খবর পাওয়া যায়।

**স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা যা বলেছেন**

মঙ্গলবার ঢাকায় কোস্টগার্ডের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে দেশে জঙ্গি উত্থান বিষয়ে এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ''আমি আপনাদের প্রশ্নগুলো বুঝতে পেরেছি। কিন্তু আমি ওই শব্দকে রিকগনাইজ (স্বীকৃতি দেওয়া) করি না। আমাদের দেশে এ রকম কোনো তৎপরতা নেই। কিছু এক্সট্রিমিস্ট গ্রুপ (উগ্রপন্থি গোষ্ঠী) থাকে, পৃথিবীর সব দেশেই এ রকম অ্যাকটিভ (সক্রিয়) থাকে, র‍্যাডিক্যাল কিছু ফোর্স থাকে, ফান্ডামেন্টাল কিছু পলিটিক্যাল পার্টি থাকে, এগুলোতে আমরা ইউজড টু, এগুলো থাকে। কিন্তু সেই বিষয়ে আপনি যে শব্দ উচ্চারণ করলেন আমাদের দেশের বর্তমান কালচারে (সংস্কৃতি) সেটা এখন আর নেই। আগে সেই শব্দটা উচ্চারিত হতো ফ্যাসিবাদী আমলের সময়, তারা নিজস্ব রাজনৈতিক ফায়দা হাসিলের জন্য এগুলোকে হাতিয়ার হিসেবে ব্যবহার করত। বর্তমানে বাংলাদেশে সেগুলোর এক্সিসট্যান্স (অস্তিত্ব) নেই।" একইদিন সচিবালয়ে দেশে জঙ্গি রয়েছে স্বীকার করে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান বলেন, ''সরকার এটাকে শূন্যে নামিয়ে আনার চেষ্টা করছে।" তিনি বলেন, ''এটা ফ্যাক্ট, বাংলাদেশে জঙ্গি আছে। কিন্তু এখানে দুটো এক্সট্রিম (চরমপন্থা) আছে, আমি দুটো এক্সট্রিমের কথা বলি। আওয়ামী লীগ সরকারের সময়ে জঙ্গি সমস্যা যেই স্কেলে দেখানো হয়েছে, এটা তাদের ক্ষমতায় থাকার একটা ন্যারেটিভ হিসেবে তারা ব্যবহার করেছিলেন যে বাংলাদেশে জঙ্গি আছে, জঙ্গিরা সব দখল করবে। আবার অন্তর্বর্তী সরকারের সময়ে এই আলাপ কেউ কেউ করার চেষ্টা করেছেন যে, বাংলাদেশে কোনো জঙ্গি নেই। এটাও আরেকটা এক্সট্রিম, এটাও ভুল কথা। বাংলাদেশে একটা পর্যায়ে মিলিট্যান্সি, জঙ্গিবাদ ছিল, আছে। সেটাকে আমরা আসলে কমব্যাট করতে চাই।"

**বোমা তৈরির সময় বিস্ফোরণ কীসের আলামত?**

গত ১৪ ফেব্রুয়ারি ভোরে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার চরবাগডাঙ্গায় বোমা তৈরির সময় একটি বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে আল আমিন ও জিহাদ আলী নামে দুই তরুণ নিহত হন। আহত হন বজলুর রহমান, শুভ ও মিনহাজ আলী। এই ঘটনায় পুলিশ সাত জনকে গ্রেফতার করে তাদের কাছ থেকে তথ্য পাওয়ার দাবি করেছে। পুলিশ জানায়, বিস্ফোরণের ঘটনাটি ঘটে শরিফ উদ্দীনের ভাই আবুল কালামের বাড়িতে। তদন্তে উঠে এসেছে, দুলালের তত্ত্বাবধানে সেখানে বোমা তৈরির কাজ চলছিল। ঘটনার পর ওই দিন রাতে সদর থানার উপপরিদর্শক বেলাল হোসেন বাদী হয়ে ১০ জনের নাম উল্লেখ করেন এবং অজ্ঞাতপরিচয় আরও ৮ থেকে ১০ জনকে আসামি করে মামলা করেন। এর আগে গত ২৭ ডিসেম্বর ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জের হাসনাবাদ এলাকায় একটি মাদ্রাসায় বিস্ফোরণে একতলা ভবনের পশ্চিম পাশের দুটি কক্ষের দেয়াল উড়ে যায়। এতে নারী, শিশুসহ চারজন আহত হন। ঘটনাস্থলে ককটেল, রাসায়নিক দ্রব্য ও বোমা তৈরির বিভিন্ন সরঞ্জাম পাওয়া গেছে বলে প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানিয়েছে। উম্মাল কুরা ইন্টারন্যাশনাল মাদ্রাসা নামে একতলা ভবনে এ বিস্ফোরণ ঘটে। দক্ষিণ কেরানীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম তখন বলেছিলেন, ঘটনাস্থল থেকে ককটেল, দাহ্য পদার্থ ও বোমা তৈরির সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় মাদ্রাসার পরিচালক শেখ আল আমিন (৩২), তার স্ত্রী আছিয়া বেগম (২৮) এবং তাদের তিন সন্তানের মধ্যে দুই ছেলে উমায়েত (১০) ও আবদুল্লাহ (৭) আহত হন। এর মধ্যে আছিয়া ও তার দুই সন্তানকে প্রথমে স্থানীয় হাসপাতালে নেওয়া হয়। কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। ভবন মালিক পারভীন বেগম তখন বলেছিলেন, ''তিন বছর ধরে আমার বাড়ি ভাড়া নিয়ে মুফতি হারুন মাদ্রাসা পরিচালনা করতেন। হারুন তার শ্যালক আলামিন ও শ্যালকের স্ত্রী আছিয়াকে মাদ্রাসা পরিচালনার দায়িত্ব দেন। তিনি মাঝেমধ্যে মাদ্রাসায়

আসতেন। আমি নিয়মিত খোঁজখবর নিতাম। কিন্তু মাদ্রাসার আড়ালে কী কার্যক্রম চলছিল, তা বুঝতে পারিনি। আজ এসে দেখি, ভবনের চারপাশ উড়ে গেছে। পুলিশ ভবনের ভেতর থেকে কেমিকেল, ককটেল ও বোমা তৈরির সরঞ্জাম উদ্ধার করেছে। আমি এগুলো দেখে বিস্মিত।"

**পুলিশের চিঠিতে যা বলা হয়েছে**

বৃহস্পতিবার পুলিশ সদরদপ্তরের ডিআইজি (গোপনীয়) কামরুল আহসানের সই করা একটি চিঠি সব রেঞ্জ ডিআইজি, মেট্রোপলিটন কমিশনার ও জেলা পুলিশ সুপারসহ পুলিশের সব ইউনিটে পাঠিয়ে নিরাপত্তা জোরদারের নির্দেশে দেওয়া হয়েছে। চিঠিতে বলা হয়, সম্প্রতি গ্রেফতার হওয়া নিষিদ্ধ ঘোষিত উগ্রবাদী সংগঠনের সদস্য ইসতিয়াক আহম্মেদ সামী ওরফে আবু বক্কর ওরফে আবু মোহাম্মদের সঙ্গে সেনাবাহিনীর চাকরিচ্যুত দুই সেনাসদস্যের নিয়মিত যোগাযোগের তথ্য পাওয়া গেছে। এই চক্রটি জাতীয় গুরুত্বপূর্ণ স্থাপনা যেমন, জাতীয় সংসদ ভবন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর স্থাপনা ও সদস্য, ধর্মীয় উপাসনালয়, বিনোদনকেন্দ্র এবং শাহবাগ ম্যুরালসহ গুরুত্বপূর্ণ এলাকায় হামলার পরিকল্পনা করতে পারে। বোমা বিস্ফোরণের পাশাপাশি দেশীয় ধারালো অস্ত্র বা আগ্নেয়াস্ত্র ব্যবহার করে হামলার আশঙ্কার কথা বলা হয়েছে চিঠিতে। চিঠিতে আরও বলা হয়, তারা বিভিন্ন বাহিনীর অস্ত্রাগারে হামলার পরিকল্পনাও গ্রহণ করে থাকতে পারে বলে গোয়েন্দা তথ্যের ইঙ্গিত রয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর মতে, সংশ্লিষ্ট ব্যক্তিরা দেশের সার্বিক নিরাপত্তার জন্য উচ্চ ঝুঁকিপূর্ণ। এই পরিপ্রেক্ষিতে চিঠিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর নিরাপত্তা জোরদারের পাশাপাশি নজরদারি বৃদ্ধি এবং সন্দেহভাজনদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এই চিঠির পর গত সোমবার রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ ৮টি বিমানবন্দরে নিরাপত্তা জোরদার করা হয়।'

**মৃত্যুদণ্ডপ্রাপ্ত ৯ জঙ্গি এখনও পলাতক**

আইনশৃঙ্খলা বাহিনীর তথ্য অনুযায়ী দেশে ১ হাজার ৬১১ জঙ্গির নাম তালিকাভুক্ত রয়েছে। এই জঙ্গিদের বেশিরভাগ বিভিন্ন সময় জামিনে মুক্ত হয়েছে। তালিকা অনুযায়ী, ২০২১ থেকে ২০২৪ সাল পর্যন্ত এক হাজার ২৩১ জন জঙ্গি জামিনে কারাগার থেকে মুক্তি পেয়েছে। আর ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে ২০২৫ সালের জুলাই পর্যন্ত জামিন পেয়েছে আরো ৩৮০ জন। এই ৩৮০ জনের মধ্যে সাতজন আনসার আল ইসলাম, চারজন এবিটি, ৬৮ জন জেএমবি, ছয়জন নব্য-জেএমবি, ছয়জন হিযবুত তাহরীর, চারজন ইমাম মাহমুদের কাফেলা, চারজন হুজি, ১৫ জন জেএএফএইচএস এবং ২৬৫ জন নাম-উল্লেখ না থাকা সংগঠনের সদস্য। এর মধ্যে ১১৪ জন জামিন পাওয়ার পর থেকে আর কখনো আদালতে হাজিরা দেননি। আবার সন্ত্রাসবিরোধী আইনে করা মামলায় অভিযুক্ত অন্তত ৩৭০ জন জঙ্গি এখনো গ্রেপ্তার হয়নি। দেশের ১৬টি কারাগারে গত বছরের জুন পর্যন্ত ১৬২ জন জঙ্গি বন্দি রয়েছেন। এর মধ্যে বিচারাধীন আছেন ৩২ জন, মৃত্যুদণ্ডপ্রাপ্ত ৫৯ জন, যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ৪৬ জন ও অন্যান্য ২৫ জন। এছাড়া ২০২৪ সালের আগস্টে কারাগার ভেঙে পালিয়ে যাওয়া জঙ্গিদের মধ্যে ৭৯ জনকে এখনও ধরা যায়নি। এদের মধ্যে ৯ জন মৃত্যুদণ্ডপ্রাপ্ত। বৃহস্পতিবার ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের প্রধান (সিটিটিসি) যুগ্ম কমিশনার মুনশী শাহাবুদ্দীন সাংবাদিকের প্রশ্নের জবাবে বলেছেন, ''আমরা তথ্য পেয়েছি, কাজ করছি।"

**বিশ্লেষকরা কী বলছেন?**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ও অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক বলেন, ''আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মতো সংবেদনশীল প্রতিষ্ঠানে উগ্রবাদী প্রভাব তৈরি হলে তা রাষ্ট্রীয় নিরাপত্তার জন্য বড় ঝুঁকি হয়ে দাঁড়াতে পারে। তাই সম্ভাব্য যে-কোনো সশস্ত্র বা উগ্রবাদী সংগঠনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিদের দ্রুত শনাক্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া জরুরি। এখানে অবহেলা বা অস্বীকারের সংস্কৃতি ভুলে যেতে হবে।" নিরাপত্তা বিশ্লেষক মেজর (অব.) এমদাদুল ইসলাম বলেন, ''এই মুহূর্তে পরিস্থিতি দেখে মনে হচ্ছে দেশে জঙ্গিদের বড় ধরনের কোনো শক্তি প্রদর্শনের সুযোগ নেই। কিন্তু তারপরও কেন জঙ্গি বিষয়টি সামনে এসেছে? এখন এটাকে সামনে এনে যদি কেউ আলোচনা অন্যদিকে ঘুরিয়ে দিতে চায় সেটা হতে পারে। কিন্তু আগেও আমরা দেখেছি, জঙ্গিরা কোনো কার্যক্রমে গেলে আগে থেকে আলামত পাওয়া যায়। যেমন কুমিল্লার ৫২টি ছেলে একযোগে নিখোঁজ হলো। পরে তাদের নাথান বমের আস্তানায় পাওয়া গেলো। আবার কৃষকের সন্তান থেকে শুরু করে উচ্চ পদস্থদের সন্তানদেরও আমরা এদিকে ধাবিত হতে দেখেছি। তবে সবকিছু মিলিয়ে এখন হামলার মতো অবস্থা নেই।" আরেক নিরাপত্তা বিশ্লেষক এয়ার কমোডর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী বলেন, ''১৮-২০ কোটি মানুষের দেশে কোনো উগ্রবাদী নেই, যদি কেউ একথা বলেন, সেটা বিশ্বাসযোগ্য না। বিশ্বের কোনো দেশই এখন এই ধরনের উগ্রবাদীদের হাত থেকে মুক্ত না। কিন্তু প্রশ্ন হলো আমরা এগুলো কতটুকু দমন করে রাখতে পারছি। সেই জায়গায় আমি বলবো, এখন পর্যন্ত এমন কোনো আলামত আমরা দেখছি না যে, তারা বড় ধরনের হামলা করতে পারে। আবার, নেই বলে যদি হাত-পা গুটিয়ে বসে থাকেন তাহলে পরিস্থিতির সুযোগ নিতে পারে তারা। সেই কারণে তাদের সার্বক্ষণিক নজরদারির মধ্যে রাখতে হবে। বিষয়টিকে বহেলা করা যাবে না।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রনি)

## বাংলাদেশে ভারী বৃষ্টিতে হুমকির মুখে ধানের ফলন

বর্ষার আগেই ভারী বৃষ্টিপাত। ভারত থেকে ধেয়ে আসছে উজানের পানি। বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের নদীগুলোতে দ্রুত বাড়ছে পানি। গ্রীষ্মকাল ধান কাটার মৌসুম। এ সময়ে অতি বর্ষণ ও ভারত থেকে আসা পানি বিস্তীর্ণ এলাকাকে

বন্যার ঝুঁকিতে ফেলেছে। অবিরাম বৃষ্টি, প্রবল বাতাস এবং বজ্রসহ ঝড় ও বৃষ্টি সত্ত্বেও কৃষকরা তাই ফসল রক্ষার জন্য ছুটে যাচ্ছেন ক্ষেতে। হাঁটু-সমান পানিতে হেঁটে আংশিকভাবে ডুবে যাওয়া ফসল কাটছেন তারা। সুনামগঞ্জের এক কৃষক মোহাম্মদ আল আমিন ফসল রক্ষার এ লড়াইয়ের বর্ণনা দিয়ে বলেন, ''এখনও যতটুকু দাঁড়িয়ে আছে, সেইটুকুই বাঁচানোর চেষ্টা করছি আমরা।" দক্ষিণ এশিয়ার দেশ বাংলাদেশের প্রধান ফসল ধান। হাওর অববাহিকায় বোরো ধান পাকতে শুরু করেছে। বন্যা পরিস্থিতি হাওরসহ আরো কিছু এলাকার গ্রামীণ জীবনযাত্রা এবং জাতীয় খাদ্য সরবরাহকে প্রভাবিত করতে পারে। কয়েক দিনের টানা বৃষ্টির সঙ্গে ভারতের মেঘালয় ও আসাম অঞ্চল থেকে আসা পানির প্রবাহ বাংলাদেশের ঝুঁকিপূর্ণ জেলাগুলোতে আকস্মিকভাবে বন্যার ঝুঁকি বাড়িয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। স্থানীয় কর্মকর্তারা জানান, সুনামগঞ্জ, সিলেট, কিশোরগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজারের অনেক এলাকার ফসলের ক্ষেত পানির নীচে তলিয়ে গেছে। বেশ কিছু জায়গায় পানির স্রোতে বাঁধ দুর্বল হয়ে গেছে বা বাঁধ উপচে বন্যার পানি ফসলের জমিতে ঢুকে পড়েছে। শাকসবজিসহ অনেক ধরনের ফসলের ক্ষতি করেছে ভারী বৃষ্টি। এতে খাদ্যের সরবরাহে ঘাটতির আশঙ্কা বেড়েছে। আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস বলছে, আগামী কয়েক দিন আরো বৃষ্টি হতে পারে। কর্মকর্তারা সতর্ক করে বলেছেন, উজানের অতিরিক্ত পানির প্রবাহ হাওর অববাহিকা জুড়ে আরো ব্যাপক বন্যার শঙ্কা বাড়াতে পারে। কৃষি কর্মকর্তারা মনে করেন, এই পর্যায়ে অল্প সময়ের জন্য জলমগ্ন থাকলেও ধানের ফলন অনেক কমতে পারে। ভারী বৃষ্টিপাতের কারণে রাজধানী ঢাকা ও বন্দর নগরী চট্টগ্রামসহ দেশের প্রধান শহরগুলোতে ব্যাপক জলাবদ্ধতা ও বিশৃঙ্খলা দেখা দিয়েছে। রাস্তাঘাট জলমগ্ন হওয়ায় যান চলাচল ধীর হয়ে পড়েছে, দৈনন্দিন জীবনযাত্রাও ব্যাহত হয়েছে। বিশ্বের অন্যতম জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশ বাংলাদেশ প্রায় নিয়মিতই বন্যার ঝুঁকিতে থাকে। ওয়ার্ল্ড ব্যাংক ইনস্টিটিউটের ২০১৫ সালের এক বিশ্লেষণ অনুযায়ী, এ দেশে বছরে প্রায় ৩৫ লক্ষ মানুষ নদীর পানি বাড়ায় বন্যার ঝুঁকিতে পড়ে। বিশ্বের তৃতীয় বৃহত্তম চাল উৎপাদনকারী দেশটিতে উৎপাদিত চালের বেশিরভাগই অভ্যন্তরীণ চাহিদা মেটায়। বন্যা বা খরার কারণে ঘাটতি দেখা দিলে সেই ঘাটতি ধান আমদানিও করে বাংলাদেশ।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রনি)

## বাংলাদেশে ৫ জেলায় বন্যার পূর্বাভাস, ৪ নদীর পানি বিপৎসীমার ওপরে

বাংলাদেশে ভারী থেকে অতিভারী বৃষ্টির কারণে পাঁচ জেলায় বন্যা হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। পানি উন্নয়ন বোর্ডের এ সংস্থার তথ্য অনুযায়ী, পাঁচ জেলার মধ্যে ইতোমধ্যে মৌলভীবাজার ও নেত্রকোনায় বন্যা শুরু হয়ে গেছে। বাকি তিন জেলায় বন্যা হতে পারে, কারণ এসব জেলার নদ–নদীর পানি বাড়ছে। এর মধ্যে এখন যে বৃষ্টি আছে তা আরও অন্তত পাঁচ দিন থাকতে পারে বলে বৃষ্টির পূর্বাভাসে বলা হয়েছে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের উপবিভাগীয় প্রকৌশলী পার্থ প্রতীম বড়ুয়া আজ বুধবার সকালে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, মৌলভীবাজার, নেত্রকোনা, সিলেট, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলার নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। ইতোমধ্যে মৌলভীবাজার ও নেত্রকোনা জেলার নিম্নাঞ্চলে বন্যা শুরু হয়েছে। দেশের বিভিন্ন স্থানে ভারী থেকে অতিভারী বৃষ্টির জন্যই এ অবস্থা। এর আগে আবহাওয়া অধিদপ্তর গতকাল মঙ্গলবার পরবর্তী ৯৬ ঘণ্টায় দেশের আট বিভাগের বিভিন্ন স্থানে ভারী থেকে অতিভারী বৃষ্টির পূর্বাভাস দেয়। গতকাল রাত থেকেই দেশের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টি শুরু হয়। রাজধানীতে আজ সকাল থেকেই শুরু হয় বৃষ্টি। আবহাওয়া অধিদপ্তর সূত্র জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশের সর্বোচ্চ বৃষ্টি হয়েছে কিশোরগঞ্জের নিকলীতে, ১৬১ মিলিমিটার। এ ছাড়া ভোলায় বৃষ্টি হয়েছে ১৫১ মিলিমিটার, ফেনীতে ১৪৮ মিলিমিটার। আবহাওয়াবিদ মুহাম্মদ আবুল কালাম মল্লিক আজ প্রথম আলোকে বলেন, এ বৃষ্টি যে কোনো এলাকায় একটানা হবে তা নয়। থেমে থেমে বিভিন্ন এলাকায় হতে পারে। বৃষ্টি চলতে পারে আগামী ৪ মে পর্যন্ত। দেশের চার নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সূত্র। এসব নদী হলো ভুগাই কংস, মনু, সোমেশ্বরী ও মগরা। এর মধ্যে মনু বাদ দিয়ে বাকি তিন নদীই নেত্রকোনা জেলার ওপর দিয়ে প্রবাহিত হয়েছে। এর বাইরে সুরমা, কুশিয়ারা নদীর পানিও এক থেকে দেড় মিটারের বেশি বেড়েছে বলে জানিয়েছেন বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের উপবিভাগীয় প্রকৌশলী পার্থ প্রতীম বড়ুয়া। তিনি বলেন, এসব নদী আকারে ছোট। তাই ভারী বৃষ্টি হলে এভাবে পানি বেড়ে যায়। বৃষ্টি কমে গেলে বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে বলে জানিয়েছেন এই প্রকৌশলী।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রনি)

## সাভারে সাংবাদিক হেনস্তা ও 'অপহরণচেষ্টার' প্রতিবাদ

সাভারের সাব-রেজিস্ট্রার মো. জাকির হোসেনের নেতৃত্বে সাংবাদিককে শারীরিক হেনস্তা ও জোরপূর্বক তুলে নেওয়ার চেষ্টার প্রতিবাদে মানববন্ধন ও কলম বিরতি কর্মসূচি পালন করেছেন সাভার, আশুলিয়া ও ধামরাইয়ের স্থানীয় সাংবাদিকরা। বেসরকারি টেলিভিশন দেশ টিভির সাভার প্রতিনিধি দেওয়ান ইমনকে হেনস্তা ও তুলে নিয়ে যাওয়ার চেষ্টার অভিযোগ এক সাব রেজিস্ট্রারের বিরুদ্ধে। এর প্রতিবাদে আজ মঙ্গলবার দুপুরে সাভার মডেল থানার সামনে মানববন্ধন কর্মসূচি পালন করা হয় বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। মানববন্ধন থেকে আগামী ৭২ ঘণ্টার মধ্যে অভিযুক্ত সাব-রেজিস্ট্রার মো. জাকির হোসেনকে অপসারণ এবং তার বিরুদ্ধে বিভাগীয়সহ আইনি ব্যবস্থা গ্রহণের দাবি জানান সাংবাদিকরা। মানববন্ধন শেষে সাভার মডেল থানার ভেতরে এক ঘণ্টা কর্মবিরতি পালন করেন তারা। সাভার প্রেস ক্লাবের সভাপতি নাজমুল হুদা বলেন, ''একজন গণমাধ্যমকর্মীর কাজ তথ্য সংগ্রহ

করে সংবাদ প্রকাশ করা। প্রকাশিত সংবাদ নিয়ে কারও আপত্তি থাকলে প্রতিবাদ জানানোসহ উপযুক্ত মাধ্যমে অভিযোগ করার সুযোগ রয়েছে।''ব''কিন্তু অনুসন্ধান করার কারণে কিংবা সংবাদ প্রকাশ করার কারণে সন্ত্রাসী স্টাইলে একজন সরকারি কর্মকর্তা একজন গণমাধ্যমকর্মীর ওপর হামলা করবেন, তাকে তুলে নেওয়ার চেষ্টা করবেন—এটি কোনোভাবেই কাম্য নয়; বরং এমন কর্মকাণ্ড স্বাধীন গণমাধ্যমের কণ্ঠরোধের চেষ্টার শামিল,'' বলেন তিনি। হামলার পর গতকালই অভিযুক্ত সাব-রেজিস্ট্রারের বিরুদ্ধে সাভার মডেল থানায় লিখিত অভিযোগ দেওয়া সত্ত্বেও এখন পর্যন্ত মামলা রেকর্ড না করায় ক্ষোভ প্রকাশ করেন নাজমুল হুদা। যোগাযোগ করলে ঢাকা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম, অপস, ট্রাফিক) মো. জাহাঙ্গীর আলম দ্য ডেইলি স্টারকে বলেন, ''এ ঘটনায় থানায় একটি অভিযোগ দেওয়া হয়েছে। অভিযোগের মেরিট বিবেচনায় সিনিয়র অফিসারদের সঙ্গে আলোচনা করে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।''
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রনি)

### উগান্ডায় পাকিস্তানি, ভারতীয়, বাংলাদেশিসহ ২৩১ জন বিদেশি আটক

উগান্ডার কর্তৃপক্ষ জানিয়েছে, অবৈধ অভিবাসন রোধে চালানো অভিযানে অন্তত ২৩১ জন বিদেশিকে আটক করা হয়েছে। মঙ্গলবার সে দেশের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানায়, সোমবার থেকে চালানো একটি অভিযানের লক্ষ্য ছিল দেশের উত্তরাঞ্চলে বসবাসরত একদল নাইজেরীয়। একই সময়ে রাজধানী কাম্পালার একটি অঞ্চলেও চলে অভিযান। সেখানে একসঙ্গে বাস করছিলেন আরেকদল বিদেশি। স্বরাষ্ট্র মন্ত্রণালয় আরো জানায়, দ্বিতীয় অভিযানে আটকদের মধ্যে পাকিস্তান, ভারত, বাংলাদেশ, ঘানা, মিয়ানমার, ইথিওপিয়া, শ্রীলঙ্কা, কম্বোডিয়া এবং মালয়েশিয়ার নাগরিকরা রয়েছেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৯.০৪.২০২৬ রনি)

## রেডিও তেহরান

বাংলাদেশের হাওরাঞ্চলের ক্ষতিগ্রস্ত কৃষকদের তিন মাস সহায়তা দেবে সরকার

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, হাওরাঞ্চলে ভারী বর্ষণে ক্ষতিগ্রস্ত কৃষকদের চিহ্নিত করে আগামী তিন মাস সরকারের পক্ষ থেকে সহযোগিতা দেওয়া হবে। আজ (বুধবার) জাতীয় সংসদে হাওরাঞ্চলের এক সংসদ সদস্যের কৃষকদের দুর্ভোগ তুলে ধরার পর এ কথা জানান প্রধানমন্ত্রী। জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ের নোটিশের পরিপ্রেক্ষিতে একটি সম্পূরক প্রশ্নে সুনামগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য কলিম উদ্দিন আহমেদ প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেছিলেন, প্রবল বর্ষণে সব হাওর তলিয়ে যাচ্ছে। কৃষকেরা ধান কাটতে মাঠে লড়াই করছেন। পরে এ বিষয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, কৃষকদের বিষয়টি উদ্বেগের। তিনদিন আগে আবহাওয়া প্রতিবেদনের ওপর ভিত্তি করে তিনি তিনটি জেলার স্থানীয় প্রশাসনকে নির্দেশনা দিয়েছিলেন, যেন পূর্বাভাস অনুযায়ী বৃষ্টিপাত হলে ব্যবস্থা নেন।
প্রধানমন্ত্রী বলেন, "আজ সকালে অধিবেশন শুরু হওয়ার আগে আমি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রীর সঙ্গে কথা বলে এসেছি এবং নির্দেশনা দিয়েছি, এ তিন জেলাসহ ময়মনসিংহের কিছু এলাকা প্রবল বর্ষণে সমস্যার সম্মুখীন হয়েছে। এসব এলাকার যে-সব কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন, যাদের ফসল নষ্ট হয়েছে, তাদের লোকেট (চিহ্নিত) করে আগামী তিন মাস সরকারের পক্ষ থেকে সহযোগিতা দেওয়ার চেষ্টা করব।" (রেডিও তেহরান ওয়েব পেজ : ২৯.০৪.২০২৬ নারগীস)

## জাগো নিউজ

### ডিসি সম্মেলনে উঠবে ৪৯৮ প্রস্তাব, থাকবে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ

চার দিনব্যাপী জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন শুরু হচ্ছে আগামী ৩ মে। সম্মেলনে উঠবে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের ৪৯৮ প্রস্তাব। এবার থাকবে রাষ্ট্রপতি ও স্পিকারের সঙ্গে সাক্ষাৎ। মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে এ তথ্য জানা যায়। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশ আসনে জয়লাভ করে সরকার গঠন করা বিএনপির এটিই প্রথম ডিসি সম্মেলন। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানা যায়, এবারের ডিসি সম্মেলন উপলক্ষে আটজন বিভাগীয় কমিশনার ও ৬৪ জেলার ডিসিদের কাছ থেকে এক হাজার ৭২৯টি প্রস্তাব পেয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। এর মধ্যে কার্যপত্রে অন্তর্ভুক্ত হওয়া ৪৯৮টি প্রস্তাবের ওপর সম্মেলনে আলোচনা হবে। প্রথম দিন সকাল সাড়ে ১০টায় প্রধানমন্ত্রী তারেক রহমানের উপস্থিতিতে ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান হবে। এরপর দুপুর ১২টায় হবে প্রধানমন্ত্রীর সঙ্গে মুক্ত আলোচনা। সমাপনী অধিবেশনও ওসমানী স্মৃতি মিলনায়তনেই হবে। এছাড়া এবার রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন, প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী, তিন বাহিনীর প্রধান ও স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের সঙ্গে জেলা প্রশাসকরা সাক্ষাৎ করবেন বলেও জানান যুগ্ম সচিব। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

### পানিতে নিমজ্জিত বেশিরভাগ ধানক্ষেত, দিশেহারা কৃষক

মৌলভীবাজারে অব্যাহত বৃষ্টি ও পাহাড়ি ঢলে ডুবে গেছে বোরো ধান। জেলার বেশিরভাগ পাকা ধান এখন পানির নিচে। ফসল ঘরে তুলতে না পাড়ায় দিশাহারা হয়ে পড়েছেন কৃষকরা। কৃষকরা জানান, দুদিনের অব্যাহত বৃষ্টিপাতে বিভিন্ন এলাকা নিমজ্জিত হয়েছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) রাতে যেসব ধান বন্যায় আক্রান্ত হয়নি, তা আজ সকালে ডুবে গেছে। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা যায়, চলতি মৌসুমে জেলায় ৬২ হাজার ৪০০ হেক্টর জমিতে বোরো ধান চাষ করা হয়েছে। এর মধ্যে ২৭ হাজার ৩৫৫ হেক্টর হাওর এলাকায়। হাওরে প্রায় ৮৩ শতাংশ ধান কাটা হয়েছে। নন-হাওর এলাকায় ৩৫ হাজার হেক্টর জমিতে ধান চাষ করা হয়েছে। এর মধ্যে কাটা হয়েছে ১৭ শতাংশ ধান।

সরেজমিনে জেলার কমলগঞ্জ, রাজনগর, মৌলভীবাজার সদর উপজেলার বেশকিছু এলকা ঘুরে দেখা যায়, বৃষ্টি ও ঢলের পানিতে বিস্তীর্ণ ফসলের মাঠ পানির নিচে তলিয়ে গেছে। কৃষকরা স্বপ্নের ফসল ঘরে তুলতে না পাড়ায় দিশাহারা হয়ে পড়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে জলাবদ্ধতার জন্য দুঃখ প্রকাশ করলেন প্রধানমন্ত্রী

ভারী বৃষ্টিতে চট্টগ্রাম নগরীতে জলাবদ্ধতায় দুর্ভোগের কারণে নগরবাসীর কাছে দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (২৯ এপ্রিল) জাতীয় সংসদে চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতা নিয়ে নোটিশ করা হলে তিনি দুঃখ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সঙ্গে আমার কথা হয়েছে। উনি চেষ্টা করছেন দুর্ভোগ কমাতে। কিন্তু এটা অনেক বড় একটা ওয়াটারলগ, যা স্বাভাবিকভাবে ঠিক হতে একটু সময় লাগবে। এই কষ্টের জন্য আমি আমার অবস্থান থেকে চট্টগ্রাম শহরে বসবাসকারী সব নাগরিকের কাছে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি। আমরা চেষ্টা করছি যত দ্রুত সম্ভব এই সমস্যা থেকে মানুষকে বের করে নিয়ে আসতে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## দুই অঙ্ক থেকে কমিয়ে সুদহার বিনিয়োগবান্ধব করা হবে: বাণিজ্যমন্ত্রী

দুই অঙ্ক থেকে কমিয়ে এনে তা বিনিয়োগবান্ধব করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি বলেন, দুই অঙ্কের সুদের হারে ঋণ নিয়ে টেক্সটাইলের মতো ইন্ডাস্ট্রি এই শিল্পের সার্ভাইভ করা সম্ভব না, এ বিষয়ে আমরা সচেতন। আমরা এই সুদের হার কমিয়ে আনবো। এই সুদের হার এমন হতে হবে যেটা নিউ ইনভেস্টমেন্ট এবং অনগোয়িং বিজনেসের গ্রোথকে সাপোর্ট করে। এটা হচ্ছে একটা প্রায়োরিটি কন্ডিশন। বুধবার (২৯ এপ্রিল) দুপুরে রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) শুরু হওয়া চার দিনব্যাপী বাংলাদেশ ইন্টারন্যাশনাল টেক্সটাইল, নিটিং অ্যান্ড গার্মেন্ট ইন্ড্রাস্ট্রি অ্যাক্সিবিশনের (বিটিকেজি এক্সপো-২০২৬) উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## সম্ভাবনাময় রপ্তানি খাতকে পোশাক খাতের মতো সুযোগ-সুবিধা দেবো

অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, সম্ভাবনাময় রপ্তানি খাতকে পোশাক খাতের মতো সুযোগ-সুবিধা দেবো। বন্ড সুবিধাসহ অন্যান্য সুযোগ সুবিধা দেওয়া হবে। বুধবার (২৯ এপ্রিল) সকালে রাজধানীর একটি হোটেলে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) পরামর্শক কমিটির ৪৬তম সভায় তিনি একথা বলেন। সভাটির আয়োজন করে এনবিআর ও এফবিসিসিআই। অর্থমন্ত্রী বলেন, আমরা মাত্র দুই মাস হলো দায়িত্ব নিয়েছি। এই অল্প সময়ের মধ্যেই ব্যবসায়ীসহ সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করেছি। প্রাইভেট সেক্টরই অর্থনীতির মূল চালিকাশক্তি, তাই তাদের সমস্যা সমাধানে গুরুত্ব দিচ্ছি। বর্তমানে তৈরি পোশাক (আরএমজি) খাত ভালো করছে, তবে অন্যান্য খাত কেন পিছিয়ে রয়েছে তা খতিয়ে দেখা হবে। তিনি বলেন, বড় ব্যবসায়ীরা মূলধন সংকটে ভুগছেন—এ বিষয়টি আমি আইএফএম, বিশ্বব্যাংকে জানিয়েছি। ব্যবসার পরিবেশ সহজ করতে 'ইজ অব ডুয়িং বিজনেস' উন্নয়নে কাজ করা হবে বলেও আশ্বাস দেন তিনি। ব্যবসায়ীদের উদ্দেশে আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, সম্ভাবনাময় রপ্তানি খাতকে পোশাক খাতের মতো সুযোগ-সুবিধা দেওয়া হবে। তিনি বলেন, ব্যবসা করতে যত বাধা আছে, আমরা সব বাধা সরিয়ে দিতে চাই। প্রাইভেট সেক্টরের প্রবৃদ্ধিই দেশের অর্থনীতিকে এগিয়ে নেবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে নিচু এলাকায় এখনো পানি পুরোপুরি নামেনি, ভোগান্তিতে নগরবাসী

এক দিনের ভারী বৃষ্টিতেই নাকাল হয়ে পড়েছে চট্টগ্রাম নগরবাসী। বৃষ্টি থেমে গেলেও পরদিন বুধবারও নগরীর বিভিন্ন নিচু এলাকায় জমে থাকা পানি পুরোপুরি নামেনি। বুধবার সকাল ৯টা থেকে এখনো গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে। ফলে স্বাভাবিক জীবনে ফেরেনি নগরবাসী। মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত কয়েক ঘণ্টার টানা বৃষ্টিতে নগরীর প্রবর্তক মোড়, মুরাদপুর, চকবাজার, কাতালগঞ্জ, বহদ্দারহাট ও হালিশহরের বিভিন্ন এলাকায় হাঁটু থেকে কোমরসমান পানি জমে যায়। এতে সড়কে যানবাহন চলাচল ধীর হয়ে পড়ে এবং বহু এলাকায় দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। বুধবার (২৯ এপ্রিল) সকালেও কয়েকটি এলাকায় সড়কের পাশে পানি জমে থাকতে দেখা গেছে। বিশেষ করে নিচু বসতিপূর্ণ এলাকায় ঘরবাড়ির সামনে ও অলিগলিতে পানি আটকে থাকায় ভোগান্তিতে পড়েছেন বাসিন্দারা। অনেককে পানি মাড়িয়ে কর্মস্থল ও শিক্ষাপ্রতিষ্ঠানে যেতে হয়েছে। খোঁজ নিয়ে দেখা গেছে, নগরীর প্রবর্তক মোড়ে পানি নেমে গেলেও ময়লা ও কাদায় স্বাভাবিকভাবে চলাচল কষ্ট হচ্ছে। সড়কে ময়লা জমে থাকায় পথচারী ও শিক্ষার্থীদের দুর্ভোগ পোহাতে হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## বিদ্যালয়ে বজ্রপাত, জ্ঞান হারালো ১৫ শিক্ষার্থী

বরিশালের মেহেন্দিগঞ্জে ক্লাস চলাকালীন বৃষ্টির সঙ্গে আকস্মিক বজ্রপাতের বিকট শব্দে পৃথকভাবে দুইটি স্কুলের ১৫ জন শিক্ষার্থী জ্ঞান হারিয়ে অসুস্থ হয়ে পড়েছে। এরমধ্যে সাতজনকে হাসপাতালে ভর্তি করা হয়। মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুরে মেহেন্দিগঞ্জ উপজেলার দাদপুর তেমুহনী মাধ্যমিক বিদ্যালয় ও পাতাবুনিয়া মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ইমরানুর রহমান ও বিদ্যালয় দুটির প্রধান শিক্ষক বিষয়টি নিশ্চিত করেছেন।

অসুস্থদের মধ্যে দুইজন সুস্থ হয়ে বাড়ি ফিরলেও এখনো হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে পাঁচ শিক্ষার্থী। উপজেলার দাদপুর তেমুহনী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নজরুল ইসলাম জানান, দুপুরের দিকে ক্লাস চলাকালীন হঠাৎ বৃষ্টিপাত শুরু হয়। কিছুক্ষণের মধ্যেই বিদ্যালয়ের ভবনের ওপর বজ্রপাত হলে শ্রেণিকক্ষে অবস্থানরত সাতজন ছাত্রী আতঙ্কে জ্ঞান হারিয়ে অসুস্থ হয়ে পড়ে। পরবর্তীতে তাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## মেয়রের দ্রুত পদক্ষেপে জলাবদ্ধতা কমে স্বস্তি চট্টগ্রাম নগরীতে

খাল সংস্কার প্রকল্প চলাকালীন সৃষ্ট সাময়িক জলাবদ্ধতা নিরসনে দ্রুত পদক্ষেপ নেওয়ার পর চট্টগ্রাম নগরীর বিভিন্ন এলাকায় পানি নেমে গিয়ে স্বস্তি ফিরেছে। অস্থায়ী বাঁধ অপসারণের ফলে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ এলাকায় জলাবদ্ধতা পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হয়েছে। বুধবার (২৯ এপ্রিল) সকালে চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন নগরীর বিভিন্ন জলাবদ্ধতা-প্রবণ এলাকা পরিদর্শন করেন। তিনি প্রবর্তক মোড়, কাতালগঞ্জ, চকবাজার, জামালখান, মুরাদপুর ও বহদ্দারহাটসহ বিভিন্ন এলাকায় গিয়ে সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করেন এবং সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন। পরিদর্শনের সময় দেখা যায়, অধিকাংশ এলাকায় জমে থাকা পানি নেমে গেছে এবং সড়কে যান চলাচল স্বাভাবিক হয়েছে। এর আগে মেয়রের নির্দেশনায় হিজরা খাল, জামালখান খাল ও মুরাদপুর বক্স কালভার্ট এলাকায় স্থাপিত অস্থায়ী বাঁধ অপসারণ করা হয়। এতে পানি প্রবাহ স্বাভাবিক হয়ে দ্রুত পানি নিষ্কাশন সম্ভব হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## শহীদ মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তালিকা তৈরি করবে সরকার, সংসদে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

স্বাধীনতার এত বছর পরও মুক্তিযুদ্ধে শহীদ ও গণহত্যার শিকার ব্যক্তিদের পূর্ণাঙ্গ তালিকা করা সম্ভব হয়নি বলে মন্তব্য করেছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। তিনি বলেন, সরকার মুক্তিযুদ্ধে শহীদদের তালিকা তৈরির উদ্যোগ নিয়েছে। এ উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে গণহত্যার শিকার ও সব শহীদের একটি নির্ভুল ও গ্রহণযোগ তালিকা প্রণয়ন করা হবে। এর মাধ্যমে তাদের আত্মত্যাগের যথাযথ স্বীকৃতি ও মর্যাদা প্রদান সম্ভব হবে। বুধবার (২৯ এপ্রিল) জাতীয় সংসদের প্রশ্নোত্তরে পিরোজপুর-৩ আসনের রুহুল আমীন দুলালের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে মন্ত্রীদের প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়। আহমেদ আযম খান বলেন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গেজেটভুক্ত শহীদ মুক্তিযোদ্ধার সংখ্যা ছয় হাজার ৪৮০ জন। শহীদ মুক্তিযোদ্ধাদের মধ্যে গেজেটে বেসামরিক শহীদ তিন হাজার ৬৯৮ জন, সশস্ত্র বাহিনীর এক হাজার ৫৪১ জন, বিজিবির ৮১৭ জন, শহীদ পুলিশ ৪২৩ জন ও আনসার বাহিনীর একজন রয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## নিউমার্কেটে শীর্ষ সন্ত্রাসী টিটনকে গুলি করে হত্যার ঘটনায় মামলা

রাজধানীর নিউমার্কেটে শীর্ষ সন্ত্রাসী খন্দকার নাঈম আহমেদ টিটনকে গুলি করে হত্যার ঘটনায় মামলা করেছেন তার বড় ভাই সাইদ আক্তার রিপন। বুধবার (২৯ এপ্রিল) নিউমার্কেট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আইয়ুব মামলার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, নিউমার্কেট এলাকায় শীর্ষ নাইম আহমেদ টিটন হত্যাকাণ্ডের ঘটনায় অজ্ঞাত ৮/৯ জনকে আসামি করে হত্যা মামলা করেছেন তার বড় ভাই সাইদ আক্তার রিপন। নিহত টিটনের বিরুদ্ধেও একাধিক মামলা আছে। তদন্ত চলছে। এর আগে মঙ্গলবার (২৮ এপ্রিল) রাত পৌনে ৮টার দিকে রাজধানীর নিউমার্কেটের পশ্চিম পাশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শাহনেওয়াজ ছাত্রাবাসের সামনে বটতলায় টিটনকে গুলি করে হত্যা করে দুর্বৃত্তরা। ২০০১ সালে সরকারঘোষিত ২৩ শীর্ষ সন্ত্রাসীর তালিকার ২ নম্বরে তার নাম ছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## পর্যায়ক্রমে সারাদেশে বেসিক সুবিধা গড়ে তোলা হবেঃ প্রধানমন্ত্রী

পর্যায়ক্রমে সারাদেশে বেসিক (মৌলিক) সুবিধা গড়ে তোলা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বর্তমান সরকার দেশের বিভিন্ন জায়গায় শিল্পাঞ্চল গড়ে তোলার কাজ করছে। একই সঙ্গে দেশের বিভিন্ন জায়গায় চিকিৎসাসেবাও গড়ে তালার চেষ্টা করছি। বুধবার (২৯ এপ্রিল) জাতীয় সংসদ অধিবেশনে সংসদ সদস্য আবুল কালামের সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। এই সংসদ সদস্য জানতে চান রাজধানী ঢাকামুখী স্রোত কমাতে সরকার পদক্ষেপ নেবে কি না। জবাবে প্রধানমন্ত্রী বলেন, এটি একটি দীর্ঘমেয়াদি পদক্ষেপ। দুর্ভাগ্যজনকভাবে দেশের সব সুযোগ-সুবিধা, চাকরি-বাকরি, চিকিৎসা, পড়ালেখাসহ সবকিছু ঢাকাকেন্দ্রিক গড়ে উঠেছে। এটি একদিন-দুই দিন না, এটি বহু বছর ধরে গড়ে উঠেছে। আমরা সারাদেশকে ঘিরে সুবিধাগুলো গড়ে তুলতে সক্ষম হইনি। সে কারণে স্বাভাবিকভাবে সারাদেশ থেকে মানুষ ঢাকামুখী হয়ে থাকে। সেটি কর্মসংস্থানের সুবিধার জন্য হোক, সন্তানদের লেখাপড়ার জন্যই হোক, পরিবারের সদস্যদের চিকিৎসার জন্যই হোক। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, দেশের বিভিন্ন জায়গায় আমাদের আগামী ভবিষ্যৎ প্রজন্মের লেখাপড়ার জন্য ধীরে ধীরে ভালো শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা হবে। এই সুবিধাগুলো যদি আমরা গড়ে তুলতে পারি তাহলে মানুষ ঢাকা শহরে আসার জন্য কম উৎসাহিত হবে। ধীরে ধীরে ঢাকার ওপর চাপ কমাতে সক্ষম হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

**ফ্যামিলি কার্ড রাষ্ট্রের বিনিয়োগ, মুদ্রাস্ফীতি বাড়বে না: প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ফ্যামিলি কার্ড রাষ্ট্রের একটা বিনিয়োগ। যার মাধ্যমে ধীরে ধীরে স্থানীয় শিল্প গড়ে উঠবে, কর্মসংস্থান সৃষ্টি হবে। তাই আমাদের হিসাব হচ্ছে মূল্যস্ফীতি বাড়বে না, বরং কমবে। বুধবার (২৯ এপ্রিল) জাতীয় সংসদ অধিবেশনে এনসিপির সংসদ সদস্য আবুল হাসনাতের (হাসনাত আব্দুল্লাহ) সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। হাসনাত আবদুল্লাহ বলেন, ৪ কোটি পরিবারকে ফ্যামিলি কার্ডের আওতায় আনতে হলে ১ লাখ ২০ হাজার কোটি টাকা বার্ষিক খরচ হবে। প্রক্রিয়াকরণ খরচসহ ১ লাখ ৩৪ হাজার কোটি টাকা খরচ হবে। আবার ২ কোটি ৭৫ লাখ কৃষক কার্ড দেওয়া হবে। সেখানে ৭ হাজার কোটি টাকা খরচ হবে। এটি দেশের অর্থনীতি কতটুকু স্বনির্ভর করবে? এই অর্থ কি বর্তমানে চলা সামাজিক সুরক্ষা হতে কেটে এনে বরাদ্দ দেওয়া হচ্ছে না কি নতুন করে এ খাতে টাকা দেওয়া হচ্ছে। সেক্ষেত্রে মুদ্রাস্ফীতি ঘটনার সম্ভাবনা আছে কি না? জবাবে প্রধানমন্ত্রী বলেন, মানুষ ফ্যামিলি কার্ড গ্রহণ করেছে। আমরা পর্যায়ক্রমে ৪ কোটি পরিবারকে ফ্যামিলি কার্ড দেব। পৃথিবীর কোনো সরকারের কাছে একবারে এটা করা সম্ভব না। সবার তথ্য সংগ্রহ করতে হবে। প্রথম পর্যায়ে ঝুঁকিপূর্ণ পরিবারকে দেওয়া হবে। ধীরে ধীরে বাজেট তৈরি করব এবং কার্ড দেওয়া বাড়াব। সে কারণে আমাদের হিসাব-নিকাশ অনুযায়ী বাজেটের ওপর চাপ পড়ার তেমন কারণ নেই। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

**চট্টগ্রামে আলিফ হত্যা মামলায় বাদীকে জেরা, ভার্চুয়ালি হাজির চিন্ময় দাস**

চট্টগ্রামে আইনজীবী সাইফুল ইসলাম হত্যা মামলায় বাদী জামাল উদ্দিনের জেরা চলছে। এদিকে আদালতে ভার্চুয়ালি হাজির হয়েছেন মামলার অন্যতম আসামি সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাস। বুধবার (২৯ এপ্রিল) চট্টগ্রাম বিভাগীয় দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক জাহিদুল হকের আদালতে এ শুনানি অনুষ্ঠিত হয়। এ সময় আসামিপক্ষের আইনজীবীরা বাদীকে জেরা করেন। শুনানিতে চিন্ময় কৃষ্ণ দাসকে ভার্চুয়াল মাধ্যমে আদালতে যুক্ত করা হয়, আর অন্যান্য আসামিরা সরাসরি আদালতে উপস্থিত ছিলেন। বাদীপক্ষের আইনজীবী ও সহকারী পাবলিক প্রসিকিউটর মো. রায়হানুল ওয়াজেদ চৌধুরী বলেন, বাদী জামাল উদ্দিন আগে সাক্ষ্য দিলেও তার জেরা এখনো সম্পন্ন হয়নি। একাধিক তারিখ পার হলেও আসামিপক্ষের সময়ের আবেদনের কারণে জেরা শেষ করা সম্ভব হয়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

**মৌলভীবাজারে আকস্মিক বন্যায় পানিবন্দি হাজারো মানুষ**

টানা ভারী বর্ষণ ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে মৌলভীবাজারের বিভিন্ন উপজেলায় আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। কুলাউড়া, কমলগঞ্জ ও সদর উপজেলার নিম্নাঞ্চল প্লাবিত হয়ে হাজারো পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। পরিস্থিতি মোকাবিলায় জেলা প্রশাসনের পক্ষ থেকে ১১৫টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। স্থানীয় সূত্র জানায়, কুলাউড়া উপজেলার গোপালীছড়ায় প্রায় ৫০ মিটার বাঁধ ভেঙে সদর ইউনিয়নের বাগাজুরা, হাসনপুর ও শ্রীপুরসহ অন্তত ১০টি গ্রাম প্লাবিত হয়েছে। এতে কয়েকশ মানুষ পানিবন্দি হয়ে মানবেতর জীবনযাপন করছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

**বিপৎসীমার ওপরে ৫ নদীর পানি, ৫ জেলায় বন্যার আভাস**

টানা ভারী থেকে অতিভারী বর্ষণে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় এরই মধ্যে জলাবদ্ধতা তৈরি হয়েছে। এই ভারী বৃষ্টিতে আরও পাঁচ জেলায় বন্যা হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। জেলাগুলো হলো- নেত্রকোনা, হবিগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট ও মৌলভীবাজার। বুধবার (২৯ এপ্রিল) বিকেলে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সহকারী প্রকৌশলী মোস্তফা কামাল জিহানের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, নেত্রকোনার ভুগাই-কংস নদী জারিয়াজাগুইল পয়েন্টে, সোমেশ্বরী নদী কমলাকান্দা পয়েন্টে, মগরা নদী নেত্রকোনা পয়েন্টে এবং মৌলভীবাজারের মনু নদী মৌলভীবাজার পয়েন্টে প্রাক-মৌসুমি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সিলেট, সুনামগঞ্জ জেলার সুরমা ও কুশিয়ারা নদীর পানি সমতল আগামী তিনদিন বাড়তে পারে। তৃতীয় দিন কুশিয়ারা নদীর পানি সমতল প্রাক-মৌসুমি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হতে পারে এবং সুরমা নদীর পানি সমতল সতর্কসীমায় প্রবাহিত হতে পারে, ফলে সিলেট ও সুনামগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

**ঢাকাকে 'ক্লিন ও গ্রিন সিটি' করতে সরকারের ১২ কর্মপরিকল্পনা**

ঢাকাকে 'ক্লিন ও গ্রিন সিটি' করতে ১২ দফা কর্মপরিকল্পনা গ্রহণ করেছে সরকার। বুধবার (২৯ এপ্রিল) সকাল সংসদে প্রশ্নোত্তর পর্বে কুমিল্লা-৯ আসনের সংসদ সদস্য আবুল কালামের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী তারেক রহমান এই কর্মপরিকল্পনার কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী বলেন, রাজধানীকে ক্লিন ও গ্রিন সিটি রূপে গড়ে তুলতে স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মাধ্যমে নানাবিধ পদক্ষেপ নেওয়া হচ্ছে। নাগরিক সচেতনতা ও সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে সাপ্তাহিক ভিত্তিতে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের পাশাপাশি বিশেষ

পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম জোরদার করা হচ্ছে। সেকেন্ডারি ট্রান্সফার স্টেশনসমূহ (বর্জ্য ফেলার স্থান) আধুনিকায়নের লক্ষ্যে ল্যান্ডস্কেপিং, সবুজায়ন সচেতনতামূলক গ্রাফিতি কাজ অন্তর্ভুক্ত করে পরিবেশসম্মতভাবে বর্জ্য ব্যবস্থাপনা করা হচ্ছে। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন কর্তৃক কোরিয়াভিত্তিক বেসরকারি প্রতিষ্ঠানের বিনিয়োগে মাতুয়াইল ল্যান্ডফিলকে সমন্বিত সার্কুলার ইকোনমি ভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনা ও জ্বালানি উৎপাদন কেন্দ্রে রূপান্তর করার মাধ্যমে সব বর্জ্যকে জিরো বর্জ্যতে রূপান্তর করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আশা করি, এসব কার্যক্রম ও সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে ধীরে ধীরে পরিচ্ছন্ন ও সবুজ ঢাকা শহর গড়ে তোলা সম্ভব হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## মৌলভীবাজারে কালবৈশাখী ঝড়ে ৮৫৫ ঘর ক্ষতিগ্রস্ত

মৌলভীবাজারে গত দুই দিনের শক্তিশালী কালবৈশাখী ঝড়ে ৮৫৫টি কাঁচা ও আধপাকা ঘরের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। একই সঙ্গে উপরে পড়েছে অসংখ্য গাছ-বাঁশ। বুধবার (২৯ এপ্রিল) জেলা ত্রাণ ও পুনর্বাসন কার্যালয় সূত্রে জানা গেছে, গত দুই দিনের কালবৈশাখী ঝড়ে জেলার কমলগঞ্জ, রাজনগর, শ্রীমঙ্গল, কুলাউড়া, জুড়ী, বড়লেখা ও মৌলভীবাজার সদর উপজেলায় কাঁচা ও আধপাকা ৮৫৫টি ক্ষতিগ্রস্ত ঘরের তালিকা করা হয়েছে। সংশ্লিষ্ট জন প্রতিনিধির মাধ্যমে উপজেলা প্রকল্প কর্মকর্তারা এই তালিকা করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## চিকিৎসা নিয়ে বাড়ি ফেরার পথে বাবা-মেয়েসহ ৫ জনের মৃত্যু

রংপুর থেকে চিকিৎসা শেষে বাড়ি ফেরার পথে কুড়িগ্রামের নাগেশ্বরীতে ট্রাক ও মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষের ঘটনায় পাঁচজন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে বাবা ও মেয়ে রয়েছেন। বুধবার (২৯ এপ্রিল) দুপুরে মরদেহগুলো ভুরুঙ্গামারীর উত্তর তিলাই গ্রামে নিয়ে আসা হয়। এর আগে মঙ্গলবার (২৮ এপ্রিল) রাত সাড়ে ১১টার দিকে নাগেশ্বরী পৌরসভার বাঁশেরতল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন, ভূরুঙ্গামারী উপজেলার আসাদ মোড় এলাকার শামীম হোসেন (৩২), তার মেয়ে সাদিয়া আক্তার (৮), একই পরিবারের বাবু মিয়ার স্ত্রী তামান্না আক্তার (২৮), জাহিদুল ইসলামের ছেলে নুরনবী মিয়া (২৮) এবং ধলডাঙ্গা গ্রামের সাইফুর রহমানের ছেলে মাইক্রোবাসচালক লিমন মিয়া (২৮)। এ ঘটনায় আরও ৯ জন গুরুতর আহত হয়েছেন। আহতদের কুড়িগ্রাম সদর হাসপাতাল ও রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## ইতিবাচক পরামর্শের মাধ্যমে সরকারকে সহযোগিতা করুন: নুর

বিরোধী জোটকে উদ্দেশ্য করে সংসদে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক নুর বলেছেন, আমার বিরোধী দলের বন্ধুদের বলবো আপনারা তর্কের খাতিরে তর্ক, বিরোধিতার খাতিরে বিরোধিতা না করে আল্লাহর ওয়াস্তে এই পাঁচ বছর এই সরকারের গঠনমূলক সমালোচনা করুন এবং ইতিবাচক পরামর্শের মাধ্যমে সহযোগিতা করুন। ইনশাল্লাহ আমরা তারেক রহমানের নেতৃত্বে আগামী পাঁচ বছর এগিয়ে নিয়ে যাবো। বুধবার (২৯ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় নুরুল হক নুর এ কথা বলেন। মুক্তিযুদ্ধের বয়ানের মতো জুলাই আন্দোলনকে কতিপয় স্বার্থান্বেষী গোষ্ঠী কুক্ষিগত করার চেষ্টা করছে বলে অভিযোগ করেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক নুর।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## প্রতিরক্ষা সহায়তা দিতে চায় বেলারুশ, যাচাই করে সিদ্ধান্ত নেবে বাংলাদেশ

বাংলাদেশকে প্রতিরক্ষা খাতে প্রয়োজনীয় সহায়তা দেওয়ার আগ্রহ প্রকাশ করেছে বেলারুশ। জবাবে যাচাই-বাছাই করে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছে বাংলাদেশ। বুধবার (২৯ এপ্রিল) জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে বেলারুশের অনাবাসিক রাষ্ট্রদূত মিখাইল কাসকোর সৌজন্য সাক্ষাৎকালে এ বিষয়ে দুপক্ষের মধ্যে আলোচনা হয়। স্বরাষ্ট্রমন্ত্রীর অফিসকক্ষে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকে দুদেশের মধ্যে আইনশৃঙ্খলা ও নিরাপত্তা ইস্যু, প্রতিরক্ষা, কৃষি যান্ত্রিকীকরণ, সার আমদানি, ব্যবসা-বাণিজ্য বৃদ্ধিকরণ, ফৌজদারি মামলাসহ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## সংবিধান সংশোধনে বিশেষ কমিটি গঠনের প্রস্তাব সংসদে

জাতীয় সংসদে সংবিধান সংশোধনের জন্য একটি বিশেষ কমিটি গঠনের প্রস্তাব দিয়েছে সরকারি দল। বুধবার (২৯ এপ্রিল) রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় এ প্রস্তাব উত্থাপন করেন আইনমন্ত্রী আসাদুজ্জামান। দুপুরের বিরতির পর সংসদ অধিবেশনে সভাপতির দায়িত্বে ছিলেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। তিনি এ সময় রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনার জন্য আইনমন্ত্রী আসাদুজ্জামানকে ফ্লোর দেন। তখন জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি দাঁড়িয়ে ফ্লোর নিয়ে বলেন, আইনমন্ত্রী রাষ্ট্রপতির ভাষণের ওপর বক্তব্য দেওয়ার আগে একটি বিষয় নিয়ে কথা বলতে চাই। এজন্য আমাকে আলাদা করে দুই মিনিট সময় দেওয়ার জন্য অনুরোধ করছি। পরে ডেপুটি স্পিকার আইনমন্ত্রীকে ফ্লোর দিলে তিনি বলেন, বাংলাদেশে সংবিধানের

চর্চা এখন চায়ের দোকান পর্যন্ত পৌঁছে গেছে। এ প্রেক্ষাপটে সাংবিধানিক চর্চাকে সংসদেও কার্যকরভাবে অনুসরণ করতে চাই আমরা। বিশেষ কমিটি করার বিষয়ে ১২ জনের নামের তালিকা ঠিক করেছি। এরই মধ্যে আমি এবং স্বরাষ্ট্রমন্ত্রী এ সংসদে উপস্থাপন করেছিলেন যে, একটি সংসদীয় বিশেষ কমিটি করতে চাই। যেটা সংবিধান সংশোধন সম্পর্কিত বিশেষ কমিটি। রুল ২২৬ অনুসারে। সেই কমিটির বিষয়ে আমরা ১২ জনের তালিকা ঠিক করেছি। যেখানে বিএনপি আছে, গণঅধিকার পরিষদ আছে, গণসংহতি আছে, বাংলাদেশ জাতীয় পার্টি আছে এবং স্বতন্ত্র সংসদ সদস্যদেরও রাখা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## দ্বিপাক্ষিক বাণিজ্যের বড় অংশ নির্ভরশীল 'শ্রম আইন বাস্তবায়নের ওপর'

বাংলাদেশে শ্রম আইন বাস্তবায়নের ওপর যুক্তরাষ্ট্রের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্যের বড় একটি অংশ নির্ভরশীল বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন। তিনি বলেছেন, বাংলাদেশে শ্রম আইন (সংশোধন) ২০২৬ কার্যকরভাবে বাস্তবায়ন হলে বাণিজ্য ও অন্য চুক্তিগুলো বাস্তবায়ন আরও গতিশীল হবে। বুধবার (২৯ এপ্রিল) সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। সাক্ষাতে দুদেশের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশের শ্রম খাতের উন্নয়নে অব্যাহত সহযোগিতার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান শ্রমমন্ত্রী। বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের সহযোগিতা ভবিষ্যতেও বজায় থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## 'ক্লিন এবং গ্রীন সিটি' করতে ১২ দফা কর্মপরিকল্পনা গ্রহণ

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, রাজধানী ঢাকাকে 'ক্লিন এবং গ্রীন সিটি' করতে ১২ দফা কর্মপরিকল্পনা গ্রহণ করেছে সরকার। বুধবার সকালে সংসদে প্রশ্নোত্তরপর্বে ঢাকা-৯ আসনের সংসদ সদস্য আবুল কালামের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী তারেক রহমান এই কর্মপরিকল্পনার কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী বলেন, 'রাজধানী ঢাকাকে 'ক্লিন এবং গ্রীন' সিটি রূপে গড়ে তুলতে স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাধ্যমে নানাবিধ পদক্ষেপ নেয়া হচ্ছে। নাগরিক সচেতনতা ও সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে সাপ্তাহিক ভিত্তিতে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের পাশাপাশি বিশেষ পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম জোরদার করা হচ্ছে।' তিনি বলেন, 'সেকেন্ডারি ট্রান্সফার স্টেশনসমূহ (বর্জ্য ফেলার স্থান) আধুনিকায়নের লক্ষ্যে ল্যান্ডস্কেপিং, সবুজায়ন সচেতনতামূলক গ্রাফিতি কাজ অন্তর্ভুক্ত করে পরিবেশসম্মতভাবে বর্জ্য ব্যবস্থাপনা করা হচ্ছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক কোরিয়া ভিত্তিক বেসরকারি প্রতিষ্ঠানের বিনিয়োগে মাতুয়াইল ল্যান্ডফিলকে সমন্বিত সার্কুলার ইকোনমি ভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনা ও জ্বালানি উৎপাদন কেন্দ্রে রূপান্তর করার মাধ্যমে সকল বর্জ্যকে জিরো বর্জ্যতে রূপান্তর করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আশা করি, এ সকল কার্যক্রম ও সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে ধীরে ধীরে পরিচ্ছন্ন ও সবুজ ঢাকা শহর গড়ে তোলা সম্ভব হবে।'

সকাল ১১ টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সংসদ অধিবেশন শুরু হয়। অধিবেশনের শুরুতে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তরপর্বের জন্যে ৪০ মিনিট নির্ধারিত ছিলো। প্রধানমন্ত্রীর জন্য বুধবার ৮টি প্রশ্ন ছিলো। নির্ধারিত সময়ের মধ্যে সংসদদের ২টি প্রশ্ন ও সম্পূরক প্রশ্নের জবাব দেন প্রধানমন্ত্রী। ঢাকাকে 'ক্লিন এবং গ্রীন সিটি' করতে যেসব উদ্যোগ ও পরিকল্পনা নেয়া হয়েছে সেগুলো হচ্ছে- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার রোড মিডিয়ান, সড়ক দ্বীপ ও উন্মুক্ত স্থানসমূহ সবুজায়নের লক্ষ্যে বৃক্ষরোপণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরশনের আওতাভুক্ত বিভিন্ন এলাকায় নগর বনায়নের মাধ্যামেয সবুজে আবৃত করা হচ্ছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় আগামী পাঁচ বছরে পাঁচ লাখ বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া মেট্রোরেলের নিচের খালি অংশের মিরপুর-১২ হতে মিরপুর ডিওএইচএস পর্যন্ত এবং এলিভেটেড এক্সপ্রেসওয়ের আব্দুল্লাহপুর হতে ফার্মগেট পর্যন্ত অংশের নিচে খালি জায়গায় বৃক্ষরোপণ করা হবে। প্রধানমন্ত্রী তার লিখিত বক্তব্যে জানান, ঢাকাকে 'ক্লিন এবং গ্রিন সিটি' রূপে গড়ে তোলার লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা শহরের পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে অগ্রাধিকার দেয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

## ১৮০ দিনের পরিকল্পনা বিনিয়োগ বৃদ্ধির ভিত্তি শক্তিশালী করবে: প্রধানমন্ত্রী

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ অথরিটি এবং মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ একটি যৌথ ১৮০ দিনের পরিকল্পনা উপস্থাপন করা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। এই ১৮০ দিনের পরিকল্পনা স্বল্পমেয়াদে বিনিয়োগ ও ব্যবসাবান্ধব গুরুত্বপূর্ণ প্রশাসনিক, প্রাতিষ্ঠানিক ও অবকাঠামোগত পদক্ষেপসমূহ এগিয়ে নেয়ার মাধ্যমে বিনিয়োগ বৃদ্ধির ভিত্তি শক্তিশালী করবে বলেও জানান তিনি। বুধবার জাতীয় সংসদ অধিবেশনে সংসদ সদস্য মো. আবুল কালামের এক লিখিত প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান আজ প্রশ্ন টেবিলে উপস্থাপিত হয়। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ। তারেক রহমান বলেন, প্রধানমন্ত্রীর নিকট বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ , বাংলাদেশ অর্থনৈতিক

অঞ্চল কর্তৃপক্ষ , পাবলিক প্রাইভেট পার্টনারশিপ অথরিটি এবং মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ একটি যৌথ ১৮০ দিনের পরিকল্পনা উপস্থাপন করা হয়েছে। পরিকল্পনাটির মূল উদ্দেশ্য হলো স্থানীয় ব্যবসা সম্প্রসারণে সহায়তা প্রদান, কর্মসংস্থান সৃষ্টি, বিনিয়োগকারীদের জন্য উন্নততর পরিবেশ গড়ে তোলা, উন্নত লজিস্টিকস ব্যবস্থা নিশ্চিত করা এবং সরকারি সেবা সহজ করা। এ পরিকল্পনায় ৩টি পিলারের আওতায় মোট ২৫টি অগ্রাধিকার উদ্যোগ অন্তর্ভুক্ত রয়েছে; এর মধ্যে ৫০ শতাংশ উন্নত অবকাঠামো, ৩০ শতাংশ বিনিয়োগ সহায়তা এবং ২০ শতাংশ বিনিয়োগ উন্নয়ন-সংক্রান্ত উদ্যোগ। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

**তলানিতে থাকা অর্থনীতিকে তুলে ধরতে বড় বিনিয়োগ নিশ্চিত করতে হবে: অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, তলানিতে থাকা অর্থনীতিকে তুলে ধরতে বড় বিনিয়োগ নিশ্চিত করতে হবে। এ কারণেই বড় বাজেট দিচ্ছে সরকার। আজ বুধবার সকালে বাজেট নিয়ে এফবিসিসিআই আয়োজিত আলোচনা সভায় অর্থমন্ত্রী এসব কথা বলেন। তিনি জানান, মধ্যপ্রাচ্য ইস্যু আর বর্তমান বাস্তবতায় জ্বালানি খাতে বাড়তি ৩ বিলিয়ন ডলার খরচ হয়েছে। আইএমএফ ওয়ার্ল্ড ব্যাংককে বাংলাদেশ জানিয়েছে এমন পরিস্থিতিতে ঘুরে দাঁড়াতে অন্তত দুই বছরের কুশন দরকার। আমির খসরু বলেন, ধসে যাওয়া ব্যাংকিং খাত আর শেয়ার বাজার হাতে পেয়েছে বিএনপি সরকার। তবে পরিস্থিতির উন্নয়নে সকল ব্যবসায়িক বাধা দূর করতে কাজ চলছে। রপ্তানি বেগবান করতে গার্মেন্টসের মতো বাকি সম্ভাবনাময় খাতেও সুযোগ সুবিধা দেয়া হবে। একই অনুষ্ঠানে বাণিজ্য মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, জ্বালানি সমস্যা, ব্যাংক ঋণের উচ্চহারসহ আগামী দিনের সব চ্যালেঞ্জ মোকাবেলায় অর্থনীতিতে প্রাণ আনা জরুরি। কর জিডিপি অনুপাত বাড়ানো না গেলে দেশ আগাবে না।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

**জুলাই থেকে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা পাবে স্কুল ড্রেস ও ব্যাগ: শিক্ষামন্ত্রী**

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, সরকারের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী আগামী জুলাই থেকে দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে স্কুল ড্রেস, জুতা ও পাটের তৈরি ব্যাগ বিতরণ কার্যক্রমের পাইলটিং শুরু হচ্ছে। বুধবার সকালে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক আন্তঃমন্ত্রণালয় সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ তথ্য জানান। শিক্ষামন্ত্রী জানান, প্রাথমিকভাবে এই কর্মসূচির অধীনে দেশের প্রতিটি উপজেলার দুটি করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির শিক্ষার্থীদের এক সেট করে স্কুল ড্রেস, জুতা ও পাটের ব্যাগ দেওয়া হবে। তিনি বলেন, 'আগামী ১৮০ দিনের মধ্যে আমাদের এই কর্মসূচি দৃশ্যমান হবে। পর্যায়ক্রমে এটি সারাদেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং পরবর্তীতে মাদ্রাসা ও ইবতেদায়ী শিক্ষার্থীদের মাঝে সম্প্রসারণ করা হবে।' ড. মিলন বলেন, এই বিশাল কর্মসূচি বাস্তবায়নে সরকারের পাশাপাশি দেশের বড় বড় ব্যবসায়ী সংগঠন ও শিল্প উদ্যোক্তারা 'করপোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি' এর আওতায় এগিয়ে এসেছেন। বিজিএমইএ ইতোমধ্যে ১ লাখ সেট ড্রেস ও জুতা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। তিনি আশা প্রকাশ করে বলেন, বিকেএমইএ, বিটিএমএ এবং বসুন্ধরা গ্রুপের মতো বড় প্রতিষ্ঠানগুলোও এই মানবিক উদ্যোগে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে। ব্রিফিংয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম এই কর্মসূচির গুরুত্ব ও সরকারের সক্ষমতা তুলে ধরেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

**ভারি বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের ৩ মাস সহায়তা দেবে সরকার: প্রধানমন্ত্রী**

দেশের বিভিন্ন অঞ্চলে ভারি বৃষ্টি শুরু হয়েছে। সিলেট বিভাগের কয়েকটি নদীর পানি বিপৎসীমার ওপরে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র থেকে, ৫ জেলায় বন্যার পূর্বাভাসও দেওয়া হয়েছে। ভারি বৃষ্টি ও সম্ভাব্য বন্যায় ক্ষতিগ্রস্ত হবেন কৃষক। ভারি বৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের আগামী তিন মাস সরকার সহায়তা দেবে বলে নিশ্চিত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার সকালে সুনামগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য কলিম উদ্দিন আহমেদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে সংসদ সদস্য কলিম উদ্দিন বলেন, 'টানা ভারি বৃষ্টিতে সুনামগঞ্জসহ হাওরাঞ্চল প্লাবিত হয়েছে। কৃষকরা মাঠে নেমে কষ্ট করে ধান কাটছেন। তিনি ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়াতে প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানান। উত্তরে প্রধানমন্ত্রী বলেন, 'গত তিন দিন আগে আবহাওয়া রিপোর্টের ওপর ভিত্তি করে আমি সুনামগঞ্জসহ হাওর অঞ্চলের তিনটি জেলার স্থানীয় প্রশাসনকে নির্দেশনা দিয়েছিলাম, আবহাওয়ার পূর্বাভাসের ভিত্তিতে বৃষ্টিপাত হলে তারা যেন প্রয়োজনীয় ব্যবস্থা নেয়।' হাওর অঞ্চলের কৃষকদের দুর্দশা ও ক্ষতিকে খুবই বেদনাদায়ক উল্লেখ করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ বিষয়ে সংসদ অধিবেশন শুরুর আগেই দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রীর সঙ্গে কথা হয়েছে জানিয়ে বলেন, 'মন্ত্রীকে নির্দেশনা দিয়ে এসেছি যে হাওরের এই তিনটি জেলাসহ ময়মনসিংহের কিছু অঞ্চল প্রবল বর্ষণে নানা সমস্যার সম্মুখীন হয়েছে। এই এলাকাগুলোতে যেসব কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের খুঁজে বের করে আগামী তিন মাস সহায়তা দেওয়া হবে।'
(রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

**প্রধানমন্ত্রীর সঙ্গে জাপান সরকারের উচ্চপর্যায়ের প্রতিনিধি দলের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাপানের কৃষিমন্ত্রী ও দেশটির সরকারের বিশেষ দূত সুজুকি নরিকাজু'র নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল। আজ বুধবার বিকেলে জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনি এ তথ্য জানিয়েছেন। ডেপুটি প্রেস সেক্রেটারি জানান, সাক্ষাৎকালে প্রধানমন্ত্রীকে দায়িত্ব গ্রহণের জন্য জাপান সরকারের পক্ষ থেকে অভিনন্দন জানান দেশটির কৃষিমন্ত্রী। সেই সঙ্গে বাংলাদেশ-জাপান সম্পর্ককে আরও উচ্চতায় নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন। তিনি দুই দেশের মধ্যে ইকোনমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট কার্যকরভাবে এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। বিশেষ দূত বাংলাদেশে জাপানি খাদ্যপণ্য রপ্তানি বৃদ্ধি এবং কৃষি ও প্রযুক্তি খাতে সহযোগিতা সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করেন। এ সময় প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, বাংলাদেশ ও জাপান দীর্ঘদিনের পরীক্ষিত বন্ধু। তিনি উল্লেখ করেন, বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার হলো তরুণদের জন্য কর্মসংস্থান সৃষ্টি। এ লক্ষ্যে কৃষিখাত, ইলেকট্রনিক্স ও অটোমোবাইল খাতে জাপানের বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানান তিনি। প্রধানমন্ত্রী জাপানে বাংলাদেশি জনশক্তি রপ্তানির বিষয়ে আগ্রহ প্রকাশ করে স্বাস্থ্য সেবা ও কৃষি খাতে দক্ষ জনবল পাঠানোর সম্ভাবনার কথা তুলে ধরেন। জাপানি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর এসব প্রস্তাব ইতিবাচকভাবে গ্রহণ করে। বৈঠকে জাপানের সহযোগিতায় বাস্তবায়নাধীন মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর, মেট্রোরেল প্রকল্প এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল দ্রুত ও নির্বিঘ্নভাবে সম্পন্ন করার বিষয়ে জাপানি পক্ষ গুরুত্বারোপ করে। প্রধানমন্ত্রী এই বিষয়ে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন। একই সঙ্গে জাপানি প্রতিনিধি দল রোহিঙ্গা সংকট মোকাবিলায় ১৭.৫ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা প্রদানের কথা জানায়। প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবর্তনের ওপর জোর দেন বলেও জানান জাহিদুল ইসলাম রনি। এ ছাড়া বৈঠকে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে জাপান সফরের আমন্ত্রণ জানানো হয়। প্রধানমন্ত্রী তারেক রহমান সুবিধাজনক সময়ে জাপানে সরকারি সফরের আশা ব্যক্ত করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

## কারা স্বাধীনতাযুদ্ধে বিরোধিতা করেছিল, সেটা প্রতিষ্ঠিত: সংসদে আইনমন্ত্রী

সংসদে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন পাস হওয়ার সময় জামায়াতে ইসলামী বিরোধিতা করেনি মন্তব্য করে আইনমন্ত্রী আসাদুজ্জামান বলেছেন, ওই আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছে, ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে কারা বিরোধিতা করেছিলেন। বুধবার জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে আইনমন্ত্রী এ কথা বলেন। "বীর মুক্তিযোদ্ধার যে সংজ্ঞা জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন ২০২৬ এ নির্ধারিত করা হয়েছে, সেই সংশোধনীতে ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী এবং তাদের এদেশীয় দোসর- তৎকালীন মুসলিম লীগ, তৎকালীন জামায়াতে ইসলামী, তৎকালীন নেজামে ইসলামী এবং আল বদর, আল শামস বাহিনী, রাজাকারদের বিরুদ্ধে বাংলাদেশের যে সমস্ত দামাল ছেলেরা, যারা সংগ্রাম করেছেন, তাদের বীর মুক্তিযোদ্ধা বলা হয়েছে। এ আইন এই সংসদে পাস হয়েছে।" "সেই আইনে জামায়াতে ইসলামী কার্যত বিরোধিতা করেনি। এনসিপির পক্ষ থেকে লিখিতভাবে অনুসমর্থন জানানো হয়েছে," বলেন আইনমন্ত্রী আসাদুজ্জামান। "বাই অপারেশন অব ল অ্যান্ড ইন্টারপ্রিটেশন, তাহলে এটা প্রতিষ্ঠিত হয়ে গেল যে, ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে কারা বিরোধিতা করেছিলেন। কারা খুন, গুম, ধর্ষণের সাথে জড়িত ছিল। কারা বাংলাদেশের অসংখ্য, অগণিত মানুষের জীবন কেড়ে নেওয়ার সাথে জড়িত ছিল," যোগ করেন আসাদুজ্জামান।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

## একদিনেই বজ্রাঘাতে গেল ১২ প্রাণ

কালবৈশাখী ঝড়ের সঙ্গে বজ্রাঘাতে দেশের ৭ জেলায় একদিনে কমপক্ষে ১২ জনের প্রাণহানি ঘটেছে। এর মধ্যে পটুয়াখালীতে সর্বোচ্চ ৪ জন নিহত হয়েছেন। আজ বুধবার সকাল থেকে সন্ধ্যার মধ্যে এসব প্রাণহানির ঘটনা ঘটে। এছাড়া জামালপুরের ইসলামপুর উপজেলার গাইবান্ধা ও সাপধরীতে বজ্রপাতে দুজন , রাজবাড়ীর সদর উপজেলায় একজন, রংপুরের তারাগঞ্জ উপজেলায় একজন ,শরীয়তপুরের নড়িয়া উপজেলার একজন,বরগুনার আমতলী ও পাথরঘাটা উপজেলায় দুই জন, বগুড়ার শিবগঞ্জে একজন ।বজ্রাঘাতে এসব ব্যক্তিদের মৃত্যুর বিষয় সংশ্লিষ্ট থানা পুলিশ নিশ্চিত করেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

## ১৪ বোয়িং কিনছে সরকার, চুক্তি বৃহস্পতিবার

জাতীয় পতাকাবাহী সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইনসের বহর সম্প্রসারণে যুক্তরাষ্ট্রের উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের সঙ্গে বড় একটি চুক্তি সই হতে যাচ্ছে বৃহস্পতিবার। বিমানের আধুনিক ইতিহাসে এটিকে বহর সম্প্রসারণের সবচেয়ে বড় উদ্যোগ হিসেবে দেখা হচ্ছে। রাজধানীর একটি হোটেলে সন্ধ্যা সাড়ে ৭টায় এই চুক্তি সই অনুষ্ঠানে সরকারের উচ্চ পর্যায়ের প্রতিনিধি, কূটনীতিক ও এভিয়েশন খাতের সংশ্লিষ্টরা উপস্থিত থাকবেন।বিমানের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও কাইজার সোহেল আহমেদ এবং বোয়িংয়ের পক্ষে সংশ্লিষ্ট প্রতিনিধি চুক্তিতে সই করবেন। অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী খালিলুর রহমান, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম রিতা, প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত এবং ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন উপস্থিত থাকার কথা রয়েছে।

চুক্তির আওতায় বিমান মোট ১৪টি নতুন উড়োজাহাজ কিনবে। এর মধ্যে রয়েছে ৮টি বোয়িং ৭৮৭-১০ ড্রিমলাইনার, ২টি ৭৮৭-৯ ড্রিমলাইনার এবং ৪টি ৭৩৭-৮ ম্যাক্স উড়োজাহাজ। এসব উড়োজাহাজের তালিকামূল্য প্রায় ৩.৭ বিলিয়ন মার্কিন ডলার বা প্রায় ৩৭ হাজার কোটি টাকা। সংশ্লিষ্টরা জানান, নতুন এই উড়োজাহাজ যুক্ত হলে বিমানের বহর আধুনিকায়ন, দীর্ঘপাল্লার ফ্লাইট পরিচালনার সক্ষমতা বৃদ্ধি এবং আঞ্চলিক রুটে সেবা সম্প্রসারণ সম্ভব হবে। ড্রিমলাইনার উড়োজাহাজগুলো ইউরোপ, মধ্যপ্রাচ্য ও এশিয়ার গন্তব্যে ফ্লাইট জোরদারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অন্যদিকে ৭৩৭ ম্যাক্স উড়োজাহাজগুলো স্বল্প ও মধ্যপাল্লার রুটে পরিচালিত হবে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালুর প্রাক্কালে এই চুক্তিকে দেশের এভিয়েশন খাতের জন্য কৌশলগত পদক্ষেপ হিসেবে বিবেচনা করা হচ্ছে। যাত্রী চাহিদা বৃদ্ধি এবং আঞ্চলিক ট্রানজিট হাব হওয়ার লক্ষ্য সামনে রেখে বহর সম্প্রসারণকে সময়োপযোগী বলছেন সংশ্লিষ্টরা। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ আসাদ)

## ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে একজনের মৃত্যু

কমে এসেছে হামে মৃত্যুর সংখ্যা। সারাদেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে একজন মারা গেছে। বুধবার (২৯ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৪৭ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ২২৭ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৪ হাজার ৯৪৪ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৩৫ হাজার ৯৮০ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছে ২৪ হাজার ৩১০ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ২০ হাজার ৮২২ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি তেল নিয়ে বিরোধ, দুই গ্রামের সংঘর্ষ

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলায় জ্বালানি তেল নেওয়াকে কেন্দ্র করে দুই গ্রামের বাসিন্দাদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের ১০ জন আহত হয়েছেন। বুধবার (২৯ এপ্রিল) সকালে দাদনচক হল মোড়ের মির্জা ফিলিং স্টেশন এলাকায় বাররশিয়া ও দাদনচক গ্রামের লোকজনের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, ২৭ এপ্রিল বিকেলে ওই ফিলিং স্টেশনে তেল নেওয়ার সময় বাররশিয়া ও দাদনচক গ্রামের দুই যুবকের মধ্যে কথা কাটাকাটি ও হাতাহাতি হয়। এ ঘটনার জের ধরে ২৮ এপ্রিল দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। পরে ওইদিন রাতে দাদনচক গ্রামের কৃষক আজিজুল হক বাররশিয়া মাঠে সেচ দিতে গেলে তাকে আটকে রাখা হয়। এরই ধারাবাহিকতায় বুধবার সকাল ৯ টার দিকে মনাকষা-শিবগঞ্জ সড়কের মাঝামাঝি এলাকায় দুই পক্ষের মধ্যে আবারও সংঘর্ষ শুরু হয়। এ সময় কয়েকটি ককটেল বিস্ফোরণ ঘটে এবং এতে উভয়পক্ষের ১০ জন আহত হন। সংঘর্ষ চলাকালে দাদনচক হল মোড়ে কয়েকটি দোকানঘর ভাঙচুর ও লুটপাটের ঘটনাও ঘটে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## চাকরির নিশ্চয়তা ও স্থায়ীকরণের দাবিতে নগর স্বাস্থ্যকর্মীদের মানববন্ধন

চাকরিতে স্থায়ীকরণ ও নিশ্চয়তার দাবিতে মানববন্ধন করেছেন 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রকল্পে' কর্মরত কর্মকর্তা ও কর্মচারীরা। প্রকল্পটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় থেকে স্বাস্থ্য মন্ত্রণালয়ে হস্তান্তরের প্রক্রিয়া চলছে বলে মানববন্ধনে জানিয়েছেন তারা। ফলে এই প্রকল্পে কর্মরত চার হাজার ৩৮২ কর্মকর্তা ও কর্মচারীর চাকরি নিয়ে অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে। বুধবার (২৯ এপ্রিল) জাতীয় প্রেস ক্লাবের সামনে 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারী' ব্যানারে আয়োজিত মানববন্ধন ও শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি এসব দাবি জানান তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## দেশে প্রতি হাজার কিলোমিটার সড়কে বছরে প্রাণ হারান ৬৭ জন

বাংলাদেশে প্রতি বছর প্রতি এক হাজার কিলোমিটার সড়কে গড়ে প্রায় ৬৭ জন মানুষের প্রাণহানি ঘটছে বলে জানিয়েছে এশিয়ান ট্রান্সপোর্ট অবজারভেটরি। সংস্থাটির ২০২৫ সালের রোড সেফটি প্রতিবেদন এমন তথ্য উঠে এসেছে। বিষয়টি উদ্বেগজনক বলে উল্লেখ করেছে ঢাকা আহছানিয়া মিশন। এছাড়া, বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) ২০২১ সালের হিসাব অনুযায়ী, দেশে প্রতিবছর সড়ক দুর্ঘটনায় প্রায় ৩১ হাজার ৫৭৮ জন নিহত হন। বুধবার (২৯ এপ্রিল) রাজধানীর শ্যামলীতে ঢাকা আহছানিয়া মিশনের আয়োজনে 'সড়ক নিরাপত্তা নিশ্চিতে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক মতবিনিময় সভায় এ তথ্য তুলে ধরা হয়। এবারের আলোচ্য বিষয় ছিল 'গতি নিয়ন্ত্রণে গতিসীমা নির্দেশিকা, ম্যানুয়াল প্রণয়ন ও বাস্তবায়ন'। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

## মে দিবসে শ্রমিক সমাবেশ করবে বিএনপি, নয়াপল্টনে তৈরি হচ্ছে মঞ্চ

মে দিবস (আন্তর্জাতিক শ্রমিক দিবস) উপলক্ষে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে শ্রমিক সমাবেশ করা হবে। সমাবেশ ঘিরে ব্যাপক প্রস্তুতি চলছে। সমাবেশ সফল করতে মঞ্চ নির্মাণসহ সার্বিক আয়োজন এরই মধ্যে শেষ পর্যায়ে পৌঁছেছে। বুধবার (২৯ এপ্রিল) সরেজমিনে দেখা যায়, নয়াপল্টনে নির্ধারিত স্থানে কর্মীরা মঞ্চ নির্মাণের কাজ এগিয়ে নিচ্ছেন। দুপুরের পর থেকে এ কার্যক্রম শুরু হয়। আয়োজকদের তথ্য অনুযায়ী, প্রায় ৪০ বাই

২৫ ফুটের একটি বড় মঞ্চ তৈরি করা হচ্ছে, যেখানে কেন্দ্রীয় নেতারা বক্তব্য রাখবেন। মঞ্চ নির্মাণের তদারকিতে থাকা জাতীয়তাবাদী প্রচার দলের সভাপতি মাহফুজ কবির মুক্তা জাগো নিউজকে বলেন, মহান মে দিবস উপলক্ষে আমরা বর্ণাঢ্য আয়োজনের প্রস্তুতি নিচ্ছি। শ্রমিকদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠাই আমাদের মূল লক্ষ্য। বিএনপি সবসময় শ্রমজীবী মানুষের পাশে ছিল এবং থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৪.২০২৬ রিহাব)

# BBC

**ISRAELI 'DOUBLE-TAP' STRIKE KILLS THREE RESCUE WORKERS IN LEBANON**

Two successive Israeli air strikes on a building in southern Lebanon have killed five people, including three emergency workers, Lebanese officials say, in what the country's prime minister has described as a "war crime". The Lebanese health ministry said the three members of the Lebanese Civil Defense, a state-run emergency service, had been sent to rescue those wounded in the first strike in the town of Majdal Zoun on Tuesday. They were trapped under rubble caused by the second strike and later confirmed dead. The ministry did not identify the two other fatalities. Two Lebanese army soldiers were also wounded in the attack. The Israeli military has been approached for comment. It has previously failed to explain attacks on health professionals while they were on rescue missions. The tactic, known as "double tap", sees an initial attack followed by a second or more - often hitting civilians and rescuers. It has been used by Israel in Lebanon and Gaza. Human rights groups say deliberate attacks on health workers could constitute a war crime.
(BBC Web page : 29.04.2026 Ali Ahmed)

**UNITED ARAB EMIRATES TO QUIT OIL CARTEL OPEC**

The United Arab Emirates (UAE) is quitting the Opec and Opec+ groups of major oil producing nations next month after nearly 60 years of membership. The UAE said its decision would help it meet growing global energy demand in the long term after recent investments to boost its production capacity. It is seen as a blow to the cartel, which oversees oil production and has a major influence on the global prices - with one analyst describing the exit as "the beginning of the end of Opec". The Gulf state's energy minister said being a country with no obligation under the group would give it more flexibility. The UAE's departure represents a win for US President Donald Trump, who has previously attacked Opec for "ripping off the rest of the world". In January, prior to the break-out of the US-Israel war with Iran, Trump asked Saudi Arabia and other Opec nations to "bring down the cost of oil" and doubled-down on his threat to use tariffs. The move opens the door for closer ties between the UAE and US. Saul Kavonic, head of energy research at MST Financial, said it was "the beginning of the end" for the alliance.
(BBC Web page : 29.04.2026 Ali Ahmed)

**TWO DEAD AFTER SMALL PLANE CRASHES INTO AUSTRALIA AIRPORT HANGAR**

Two people have died after a small plane crashed into a hangar at an airport in South Australia, authorities say. The aircraft burst into flames at Parafield Airport in Adelaide after it crashed on Wednesday afternoon local time. South Australian premier Peter Malinauskas wrote on social media that a "number of others" have been injured. The plane involved was a twin-engine Diamond DA42, according to the Australian Transport Safety Bureau (ATSB), which has launched an investigation into the accident. According to the manufacturer's website, each Diamond DA42 aircraft can seat up to four people. The South Australian police said in a statement that "the immediate area has been evacuated as emergency services deal with the incident". A statement posted on Parafield Airport's social media said a "serious incident" had occurred at the airport and it was "providing full support to the emergency services in their response to this incident".
(BBC Web page : 29.04.2026 Ali Ahmed)

**RUSSIA SCALES BACK MOSCOW VICTORY DAY PARADE, BLAMING THREAT FROM UKRAINE**

Russia's Victory Day parade in Moscow on 9 May will be scaled back this year because of a "terrorist threat" from Ukraine, the Kremlin has said. "All measures are being taken to minimise the danger," said President Vladimir Putin's spokesman Dmitry Peskov. Russia's military explained that the annual commemorations of Soviet victory over Nazi Germany in World War Two would not feature military vehicles or cadets due to the "current operational situation". Ukraine has recently intensified its strikes deep inside Russia, more than four years into Russia's full-scale invasion. Kyiv says it is hitting legitimate military targets, and in

turn accuses Moscow of attacking civilians in Ukraine. Peskov told reporters on Wednesday that "the Kyiv regime, which is losing ground on the battlefield every day, has now launched into full-scale terrorist activity". "Therefore, given this terrorist threat, all measures are, of course, being taken to minimise the danger," he said, stressing that the parade would still be held on the Red Square. Putin revived the old Soviet practice of parading heavy military hardware in Red Square in 2008 to demonstrate Russia's "growing defence capability".
(BBC Web page : 29.04.2026 Ali Ahmed)

**OUTRAGE AFTER INDIAN MAN CARRIES HIS SISTER'S SKELETON TO A BANK TO PROVE HER DEATH**

A man in eastern India has said he was forced to carry his sister's skeletal remains to a bank to prove her death after failing to withdraw her savings. A video from Odisha state of Jitu Munda, 52, taking the remains to the bank went viral this week, sparking outrage. He said he acted in frustration after repeated attempts to access the money without being able to show official proof of death. Police said he exhumed the woman's remains to bring them to the bank. The bank denied asking for this, saying they only demanded legally required documents. It added that the incident appeared to stem from a lack of awareness of procedures, and that the money has since been handed over to the legal heirs. The bank also disputed other parts of Munda's claims. The incident, which took place in Keonjhar district on Monday, drew national attention, with many criticising local authorities and the bank for failing to help the man. Odisha's Revenue Minister Suresh Pujari said the case was under investigation and that action would be taken against the branch manager over his alleged conduct. The Keonjhar district administration also expressed "deep concern", saying protecting people's rights and dignity was a priority.(BBC Web page : 29.04.2026 Ali Ahmed)

## :: The End ::